



অথবা

ঈলিয়াদ্ নামক মহাকাব্যের উপাধ্যান-ভাগ!

( श्रीक इरेंटिं )

শ্ৰীমাইকেল মধুস্থদন দত্ত প্ৰণীত।

"The Tale of Troy divine."-Milton.



#### কলিকাতা।

শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বস্থ কোং বছবাজারন্থ ২৪৯ সংখ্যক ভবনে ইফ্যানহোপ যন্ত্রে মুদ্রিত ও প্রকাশিত।

3693 I

[All rights reserved.]

### 

প্রিয়বর\_\_\_\_

প্রায় চারি বৎসর হইল, আমি শারীরিক পীড়িত হইয়া, এমন কি, ৩। ৪ মাস স্বকর্মে হস্ত নিক্ষেপ করিতে অশক্ত হইয়াছিলাম; সময়াতিপাতার্থে উরূপা খণ্ডের ভগবান ক্বিগুরুর জগদ্বিখ্যাত ইলিয়াস নামক কাব্য সদা **সর্ব্বদা পাঠ** করিতাম। পাঠের সময় মনে এইরূপ ভাব উদয় হইল, যে এ অপূর্ব্ব কাব্য খানির ইতির্ত্ত স্বদেশীয় ইংলগুভাষানভিজ্ঞ-জনগণের গোচরার্থে মাতৃ-ভাষায় লিখি। লিখিত পুস্তক খানি ৪ চারি বৎসর মুদ্রালয়ে পড়িয়াছিল; এমন সময় পাই নাই যে ইহাকে প্রকাশি। একস্থলে কয়েক খানি কাপির কাগজ হারাইয়া গিয়াছে ( ৪র্থ পরিচ্ছেদের প্রারম্ভে ; ) সে টুকুও সময়াভাব প্রযুক্ত পুনরায় রচিয়া দিতে পারিলাম না। বোধ হয়, এতদিনের পর জনসমূহ সমীপে আমি হাস্যাস্পদ হইতে চলিলাম। কিন্তু তুমি এবং তোমার সদৃশ বিজ্ঞতম মহোদয়েরা এবং অন্যান্য পাঠকগণ উপরি উক্ত কারণটা মনে করিয়া পুস্তক খানি গ্রহণ করিলে

<sup>\*</sup>এই শব্দটি ভ্রান্তি বশতঃ একস্থলে 'ইউরোপ' লিখিত ছইরাছে। বঙ্গ-ভাষায় 'Europe' লেখা যায় না। 'Eu' সদৃশ যুগাু শ্বর আমাদের নাই। 'Europa' উরপা:

ইহার শোধনার্থে ভবিষ্ণতে কোন ক্রটি হইবে না। এবং অবশিষ্ট অংশও অতি-শীঘ্র প্রকাশ করিতে যত্নবান হইব।

এ বন্ধদেশে যে তোমার অতি শুভক্ষণে জন্ম, তাহার কোনই সন্দেহ নাই; কেননা, তোমার পরিশ্রমে মাতৃভাষার দিন দিন উন্নতি হইতেছে। পরমেশ্বর তোমাকে দীর্ঘজীবী করুন, এই প্রার্থনা করি। যে শিলায় তুমি, ভাই, কীর্ত্তিস্তম্ভ নির্মিতেছ, তাহা কালও বিনষ্ট করিতে অক্ষম।

মহাকাব্যরচয়িতাকুলের মধ্যে ঈলিয়াস্রচয়িতা কবি যে সর্বোপরিশ্রেষ্ঠ, ইহা সকলেই জানেন।\* আমা-দিগের রামায়ণ ও মহাভারত রামচন্দ্রের ও পঞ্চ পাগুবের জীবন-চরিত মাত্র; তবে কুমারসম্ভব, শিশুপা-লবধ, কিরাতার্জুনীয়ম্, ও নৈষধ ইত্যাদি কাব্য উরপা-খণ্ডের অলঙ্কারশাস্তগুরু অরিস্তাতালীসের মতে মহাকাব্য বটে, কিন্তু ঈলিয়াসের নিকট এ সকল কাব্য কোথায়? হঃখের বিষয় এই যে, এ লেখকে: দোষে বঙ্গজনগণ, কবিপিতার মহাত্মতা ও দেবোপম শক্তি, বোধ হয়, প্রায় কিছুই বুঝিতে পারিবেন না। যদি আমি মেঘ রূপে

<sup>&</sup>quot;Hic omnes sine dubio, et in omni genezi eloquentize, procul à se reliquit."—QUINTILIAN.

See ulso-

Aristot: de Poetic. - Cap. 21.

এ চক্রিমার বিভারাশি স্থানে স্থানে ও সময়ে সময়ে অজ্ঞতা-তিমিরে গ্রাস করি, তরুও আমার মার্জ্জনার্থে এই একমাত্র কারণ রহিল, যে সুকোমলা মাতৃভাষার প্রতি আমার এত দুর অনুরাগ, যে তাহাকে এ অলঙ্কারথানি না দিয়া থাকিতে পারি না।

কাব্যখানি পাঠ করিলে টের পাইবে, যে আমি কবিগুরুর মহাকাব্যের অবিকল অনুবাদ করি নাই, তাহা করিতে হইলে অনেক পরিশ্রম হইত, এবং দে পরি-যে সর্বতোভাবে আনন্দোৎপাদন করিত, এ বিষয়ে আমার সংশয় আছে। স্থানে স্থানে এই গ্রন্থের অনেকাংশ পরিত্যক্ত এবং স্থানে স্থানে অনেকাংশ পরিবর্ত্তিত হইয়াছে। বিদেশীয় একখানি কাব্য দত্তক-পুত্ররূপে গ্রহণ করিয়া আপন গোত্রে আনা বড় সহজ ব্যাপার নহে, কারণ তাহার মানসিকও শারী-রিক ক্ষেত্র হইতে পর বংশের চিহ্ন ও ভাব সমুদায় দুরীভূত করিতে হয়। এ হুরহ ত্রতে যে আমি কতদুর পর্য্যন্ত কৃতকার্ফ হইয়াছি এবং হইব, ভাহা বলিভে পারি না।

श्रीमारेकन मधुमूमन मञ्जा

৬ নং লাউডন্ থ্রীট, চোরস্বী। ইং সন ১৮৭১ সাল।

### नागावनी।

		_	-

वाञ्चाला।	লাতীন।	इंश्त्रां जी।
জ্যুস্	Jupiter.	Jove.
প্রিরাম।	Priamus.	Priam.
बर थानी जी।	Venus.	Venus.
शिही। '	Juno.	Juno.
व्यायमी।	Minerva.	Minerva.
ক্ষা।	Chriseis.	Chriseis.
<u> </u>	Briseis.	Briseis.
अमिञ्ग ।	Ulysses.	Ulysses.
कन्मत ।	Paris.	Paris.
केतीय।	Iris.	Iris.
लक्कि।	Laodicea.	Laodicea.
পত্ৰী।	Æthra.	Æthra.
कियनी।	Clymene.	Clymene.
शवर्ग ।	Pandarus.	Pandarus.
व्यादिम ।	Mars.	Mars.
मर्लीमन ।	Sarpedon.	Sarpedon.
शर्यम् ।	Neptune:	Neptune.
व्याग्राम ।	Ajax.	Ajax.



# হেক্টর-বধ

অথবা

## হোমেরের ঈলিয়াস্নামক কাব্যের উপাখ্যান ভাগ।

#### উপক্রমণিকা।

(5)

পূর্ব্বকালে হেলাস্ অর্থাৎ এশি দেশীর লোকের পৌতলিক ধর্মে আহা ও বহুবিধ দেবদেবীর উপর বিশ্বাস
ছিল। তাঁহাদিগের দেবকুলের ইন্দ্র জ্বাস্ লীড়া নাম্মী এক
নরকুলনারীর উপর আসক্ত হওতঃ রাজহংসের রূপ ধারণ
করিয়া তাহার সহ্লিভ সহবাস করিলে, লীড়া ত্রইটী অও
প্রস্ব করেন। একটী অও হইতে তুইটী সম্ভান জ্বায়;
অপরটী হইতে হেলেনী নাম্মী একটী পরমন্ত্রন্দরী কন্যার
উৎপত্তি হয়। লাকীডীমন্ দেশের রাজা লীড়ার স্বামী এই
তিনটী সম্ভানকে দেবের ঔরসজাত জানিয়া অতিপ্রয়ত্বে
প্রতিপালন করিতে লাগিলেন। যেমন কণ্ক্ষ্মির আশ্রমে
আমাদের শকুস্তলা স্বন্দরী প্রতিপালিত হইয়াছিলেন,সেইরূপ
হেলেনী লাকীডীমন্ রাজগৃহে দিনহ প্রতিপালিত ও পরি-

বর্দ্ধিত ইইতে লাগিলেন। আমাদিগের শকুন্তলা, দুর্ভাগ্যবশতঃ, খনিগর্ভন্থ মণির ন্যায় প্রতিপালক পিতার আর্দ্রমে অন্তর্হিতা ছিলেন, কিন্তু হেলেনীর রূপের যশঃসেরিতে হেলাস রাজ্য অতি শীদ্রই পূর্ণ হইয়া উঠিল। অনেকানেক মুবরাজের এ কন্যারত্ব-লাভ-লোভে লাকীডিমন্ রাজনগরে সর্বাদা যাতার্যাতে তথায় এক প্রকার স্বয়ন্থরের আড়ম্বর হইতে লাগিল। স্বয়ম্বরের প্রথা গ্রীশদেশে প্রচলিত ছিল না, থাকিলে বোধ হয়, মহাসমারোই হইত।

বৈরণ করিলে পর,ভাহার প্রতিপালয়িত। পিতা অন্যান্য রাজপুরুষদিগকে কহিলেন, হে রাজকুমারেরা! বখন আমার
কন্যা স্বেক্সায় এই যুবরাজকে মাল্যদান করিল, তখন
আপনাদের এ বিষয়ে কোন বিরক্তিভাব প্রকাশ করা উচিত
হয় না, বরঞ্চ আপনারা দেবপিত। জুয়ুস্কে সাক্ষী করিয়া
অক্ষীকার করুন, যে যদি কম্মিন্কালে এই নব বর বধূর কোন
মুর্ঘটনা ঘটে, তবে আপনারা সকলেই তাহাদের পক্ষ হইয়া
তাহাদিগকে বিপজ্জাল হইতে পরি রাণ করিবেন।

রাজকুমারেরা রাজ বাক্য শ্রবণে অস্কীকারাবদ্ধ হইরা স্বং দেশে প্রত্যাগমন করিলেন। মানিল্যুস্ আপন মনোরমা রমণীর সহিত লাকিডীমন্ রাজ্যের যৌবরাজ্যে অভিষিক্ত হইয়া পরম সুখে কাল্যাপন করিতে লাগিলেন।

• ( 2 )

আসিয়া খণ্ডের পশ্চিম ভাগের এক ক্ষুদ্র ভাগকে ক্ষুদ্র আ-সিয়া বলে । পূর্বকালে সেই ভাগে ঈল্যুম অথবা ট্রয়নামে এক • মহাপ্রসিদ্ধ নগর ছিল। নগরের রাজার নাম প্রিয়াম। রাণীর
নাম হেকাবী। রাণী সসত্ত্বাবস্থায় আমাদিগের কুরুকুল-রাণী
গান্ধারীর ন্যায় এই অপ্র দেখিলেন,যে জিনি এমত এক অলাত
প্রসবিলেন, যে তদ্বারা রাজপুরী যেন এককালে ভস্মাৎ
হইল। নিজাভঙ্গ হইলে রাণী স্বপ্র-বিবরণ স্মরণ করিয়া মহাবিষাদে দিনপাত করিতে লাগিলেন। ক্রমে২ রাণীর স্বপ্ররুত্তান্ত সমুদায় নগর মধ্যে আন্দোলিত হইতে লাগিল।
যথাকালে রাণীও এক অতীব স্রকুমার রাজকুমার প্রসব
করিলেন। বিদ্বর প্রভৃতি কুরুকুল রাজমন্ত্রীর ন্যায় মহারাজ
প্রিয়ামের অমাত্য বন্ধু এই সন্তানটাকে ভবিষ্যদ্বিপজ্জনক
জানিয়া তাহাকে পরিত্যাগ করিতে পরামর্শ দেওয়াতে রাজা
ধৃতরাঞ্রের অসদৃশে তাহাই করিলেন। অপত্য-স্বেহ রাজা
প্রিয়ামকে স্বরাজ্যের ভাবী হিতার্থে অন্ধ করিতে পারিল না।

সন্তানটা ভূমিষ্ঠ হইবা মাত্রই আরকিলস নামক একজন রাজদাস মহারাজের আদেশের বিপরীত করিল; অর্থাং শিশুটীর প্রাণদশুনা করিয়া ভাহাকে রাজপুরীর সমিধানস্থ ইভানামক এক পর্বতে রাখিয়া আসিল। কোন এক মেয়ালক ঐ পরিত্যতা সন্তানটীকে পরম স্থানর দেখিয়া আপন বন্ধ্যা স্ত্রীর নিকট ভাহাকে সমর্পণ করিল। মেষপালকের স্ত্রী শিশু সন্তানটীকে পরম যত্নে স্বীয় গর্ভজাত পুত্রের ন্যায় প্রতিপালন করিতে লাগিল। আমাদিগের ক্তিকাক্তরের ভুল্য রাজপুত্র মেষপালকের গৃহে দিন্থ রূপে ও বিবিধ গুণে বাড়িতে লাগিলেন। আমাদের মুম্মুন্ত পুকর ন্যায় ইনিও অভি অপে বয়সেই বনচর প্রেদিগকে দমন করিতে লাগিলেন।

শেশালকের। ইছার বাহুবলে স্বীয়ং মেষপালকে মাংসাহারী জন্ত্রগণ হইতে রক্ষিত দেখিয়া ইছার নাম ক্ষন্দর অর্থাৎ
রক্ষাকারী রাখিলেন। ঐ ঈডা পর্কত প্রদেশে এনোনী
নামী এক ভুবনমোহিনী স্থরকামিনী বসতি করিতেন। স্থরবালা রাজকুমারের অনুপম রূপ লাবণ্যে বিমোহিতা হইয়া
তাঁহার প্রতি একান্ত আসক্তা হইলেন, এবং তাঁহাকে বরণ
করিয়া ঐ পর্কতময় প্রদেশে পরমাহলাদে দিন যামিনী যাপন
করিতে লাগিলেন।

#### (0)

প্রীপদেশের এক অংশের নাম থেসেলী। সেই রাজ্যের যুবরাজ পিল্যুদের থেটীস্ নাম্মী সাগরসম্ভবা এক দেবীর সহিত পরিণয় হয়। থেটীস দেবযোনি, স্কুতরাং তাঁহার বিবাহ সমারোহে সকল দেব দেবী নিমন্ত্রিত হইয়া রাজনিকে-তনে आविष्ट्र व रायन। विवानप्ति नाभी कलश्कातिगी এক দেবকন্যা আছুত না হওয়াতে মহারোধাবেশে বিবাদ উপস্থিত করিবার মানসে এক অদ্ভুত কৌশল করেন। অর্থাৎ একটা স্বৰ্ণফলে, যে রূপে সর্ব্বোৎকৃষ্টা, সেই এ ফলের প্রাকৃত व्यधिकार्तिनी, এই कर्युकृष्ठी कथा लिथिया प्रतीमला मधान्यल নিক্ষেপ করেন। হীরী জ্বাদের পত্নী অর্থাৎ দেবকুলের ইন্দ্রাণী শচী, আথেনী, জ্ঞানদেবী অর্থাৎ স্বরস্থতী এবং অপ্রো-मीठी, त्थ्रमानदी अर्थार त्रिक, धरे जिन जातत माधा धरे ফলোপলক্ষে বিষম বিবাদ ঘটিয়া উচিলে,তাহারা ঈডাপর্বতে রাজনন্দন ক্ষন্দরের নিকট উপস্থিত হইলেন, এবং তৎ-সন্নিধানে আদ্যোপান্ত সমস্ত বুভান্ত বর্ণন করিয়া ভাঁছাকেই এ বিষয়ে নির্বেত। স্থির করিলেন। হীরী কহিলেন, হে যুবক

রাজকুমার! আমি দেবকুলেশ্বরী, তুমি এই কল সামাকে দিয়া আমার প্রীতিভাজন হইলে আমি তোমাকে অসীম ধন ও গোরব প্রদান করিব। যদ্যপিও তুমি মেষপালকদলের মধ্যে অবস্থিতি করিতেছ, তত্রাচ আমি ভন্মারত অগ্নির ন্যায় তোমাকে প্রোজ্জ্বল ও শতশিখাশালী করিয়া তুলিব। আথেনী কহিলেন, আমি জ্ঞানদেবী। তুমি আমাকে উপাসনায় পরিতৃষ্ট করিতে পারিলে বিদ্যা, বুদ্ধি, ও বলে নরকুলে শ্রেষ্ঠত্ব প্রাপ্ত হইবে। অপ্রোদীতী কহিলেন, আমি প্রেমদেবী, আমাকে প্রসন্ন করিলে, আমি নারীকুলের পর্মাত্মা নারীকে ভোমার প্রেমাধিনী করিয়া দিব। ধোবন-মদে উন্মন্ত রাজকুমার ক্ষনর কুম্পণে ঐ ফলটী অপ্রোদীতী দেবীর হস্তে সমর্পণ করিলে অপর দেবীদ্বয় মহাক্রোথে অন্ধ হইয়া ত্রিদিবাভিমুখে গমন করিলেন।

অপ্রোদীতী দেবী পরমহর্ষে ও অতি মৃত্ত্বরে কহিলেন, হে ছ্মাবেশি! তুমি মেষপালক নও। তুমি ভশ্মলুপ্ত
বহিন। ট্রয় মহানগরের মহারাজ প্রিয়াম্ তোমার পিতা।
অতএব তুমি তৎসন্ধিনে গিয়া রাজপুত্রের উপযুক্ত পরিচর্য্যা বাচ্ঞা কর, স্থামার এ বর ফলদায়ক করিবার নিমিত্ত
বাহা কর্ত্ব্য, পরে আমি তাহা কহিয়া দিব।

রাজকুমার ক্ষন্দর দেবীর আদেশানুসারে রাজপুরীতে, উত্তীর্ণ হইয়া দ্বীয় পরিচয় প্রদান করিলে, রদ্ধরাজ প্রিয়ায়্ ভাহার অসামান্য রূপ লাবণ্যে ও বীরাক্ষভিতে পূর্ব্ব কথা বিশ্বত হইলেন। কালনির্বাপিত শ্বেহাগ্নি পুন-কদ্দীপিত হইয়া উচিল। স্বতরাং রাজা নবপ্রাপ্ত পুত্রকে রাজ-সংসারে প্রবেশ করিতে আজ্ঞা দিলেন।

কিমুদিন পরে অপ্রোদীতী দেবীর আদেশ মতে রাজকুমার স্কন্দর বহুসংখ্যাক সাগর্যান নানা ধন ও পণ্য
দেব্যে পরিপুরিত করিয়া লাকীডিমন্ নামক নগরাভিমুখে
যাত্রা করিলেন। তথাকার রাজা মানিল্যুস্ অভিস্মান ও
সমাদরের সহিত রাজতনয়কে স্বযন্দিরে আহ্বান করিলেন।
কিছুদিনের পর কোন বিশেষ কার্যানুরোধে তাহাকে দেশাশুরে যাইতে হইল। রাণী হেলেনী এ রাজ-অভিথির
সেবায় নিয়ত নিযুক্ত রহিলেন।

দেবী অপ্রোদীতীর মায়াজালে হতভাগিনী রাণী হেলেনী রাজ-অতিথি ক্ষন্দরের প্রতি নিভান্ত অনুরাগিণী হইয়া পতিব্রতা ধর্মে জলাঞ্জলি দিয়া স্বপতি গৃহ পরিত্যাগ পূর্বক তাহার অনুগামিনী হইলেন এবং তাঁহার পিতা রাজ-চূড়ামণি প্রিয়ামের রাজ্যে সেই রাজ্যের কালরূপে প্রবেশ করিলেন। রাজা মানিল্যুদ শৃন্গুহে পুনরাবর্তন করিয়া জ্রীবিরহে একান্ত অধীর ও ক্ষিপ্রপ্রায় হইয়া উচিলেন।

এই দ্ব্র্যনা হেলাস্ অর্থাৎ গ্রীশদেশে প্রচারিত হইলে,
তদ্দেশীয় রাজাসমূহ পূর্বক্রত অস্কাকার ম্মরণ পূর্বক্র
সিনের মানিল্যুদের সাহায্যার্থে উপস্থিত হইলেন, এবং
তাহার জ্যেষ্ঠলাতা আর্গস্ দেশের অধীশ্বর আগেমেম্নন্কে
সৈন্যাধ্যক্ষপদে অভিষিক্ত করিয়া টুয়নগর আক্রমণাভিলাষে
দাগরপথে যাত্রা করিলেন। রদ্ধরাজ প্রিয়াম্ স্বীয় পঞ্চাশৎ
পুক্রকে যুদ্ধার্থে অনুমতি দিলেন। মহাবীর হেক্টর (যাহাকে
দিয়স্বর্প লক্ষার মেঘনাদ বলা যাইতে পারে) দেশ বিদেশীয়
বন্ধুগণের এবং স্বীয় রাজসংসারস্থ সৈন্যদলের অধ্যক্ষপদ
গ্রহণ করিলেন। দশ বৎসর উভয় দলে তুমুল সংগ্রাম হইল।

যেমন গঞ্চা যমুনা এবং সরস্বতী এই ত্রিপথা নদীত্রয় প্রবিত্রতীর্থ ত্র বেণীতে একত্রীভূতা হইয়া একজ্রোতে সাগর-সমাগমাভিলাষে গমন করেন, সেইরপ উপরি উল্লিখিত তিন্দী
পরিচ্ছেদসংক্রাস্ত রুতান্ত এস্থল হইতে একত্রীভূত হইয়া ইউরোপখণ্ডের বাল্মীকি কবিগুক হোমেরের ঈলিয়াস্ স্বরূপ
সঙ্গীত তরঙ্গময় সিক্কুপানে চলিতে লাগিল।

কবিগুৰু হোমেরের জগদ্বিখ্যাত কাব্যে দশম বংসরের রতান্ত বর্ণিত আছে। এীকেরা ট্রয়ের নিকটস্থ এক নগর লুট করে, এবং তত্রস্থ পূজিত স্থ্যদেবের ক্রীস্নামক পুরোহিতের এক প্রমন্থনরী কুমারী কন্যাকে আপনাদের শিবিরে আনয়নকরে। অপহৃত দ্ব্যজ্ঞাত বিভাগের সময় সেই অসামান্য রূপবতী যুবতী সৈন্যাধ্যক্ষ রাজচক্রবর্তী আগেমেম্ননের অংশে পড়িলে, তিনি ভাহাকে পরম প্রয়ন্তে সমাদরে স্বশিবিরে রাখিতেছেন; এমন সময়ে——

### প্রথম পরিচ্ছেদ।

দেব পূরোহিত আপন অভীক্ত দেবের রাজদও, মুকুট, ও স্বকন্যার মোচনোপযোগী বহুবিধ মহাহ দ্ব্যজাত হস্তে করিয়া এীক্সৈন্যের শিবির সমুখে উপস্থিত হইলেন। এবং সৈন্যাধ্যক্ষ রাজচক্রবর্তী আর্গেমেম্নন্ ও ভাঁহার ভ্রাভা মানিল্যুস্ এবং অন্যান্য নেতৃগণকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন; হে বীরপুক্ষগণ! ত্রিদিবনিবাসী অমরকুল ভোমাণিকিকে এই আশীর্কাদ করুন, যে ভোমরা অভিত্তরায় রাজা প্রিয়ামের নগর প্রাভূত করিয়া নির্কিছে স্বরাজ্যে পুনরাগমন কর। এই দেখ, আমি আপন ছহিভার মোচ-নার্থে বহুমূল্য ক্রব্যজাত সঙ্গে আনিয়াছি, অভএব এতদ্বারা ভাহাকে মুক্ত করিয়া, যে ভাস্বর দেবের সেবায় আমি নিয়ত নিরত আছি, ভাহার মান ও গৌরব রক্ষা কর।

প্রকি উচ্চৈঃমরে একবাক্যে কহিয়া উচিল, যে এ অবশ্যকর্ত্ব্য কর্মে আমরা কখনই পরাঙমুখ হইব না, বরং এই সকল পরিজ্ঞাণ সামগ্রী গ্রহণ পূর্বক এই মুহূর্ত্তেই কন্যাটীর নিক্ষৃত্তি সাধন করিব। কিন্তু তাহাদের এতাদৃশ বাক্য রাজা আগে-মেম্ননের মনোনীত হইল না। তিনি মহাজোধভরে ও পরুষ বচনে পুরোহিতকে কহিলেন, হে রুদ্ধ! দেখিও যেন আমি এ শিবিরসন্নিধানে তোমাকে আর কখন দেখিতে না পাই। তাহা হইলে তোমার অভীফ দেবও আমার রোষানল হইতে তোমাকে রক্ষা করিতে সক্ষম হইবেন না! আমি তোমার কন্যাকে কোনক্রমেই ত্যাগ করিব না। সে আমার রাজধানী আর্গদ্ নগরে আপন জন্মভূমি হইক্তে দূরে যাবজ্জীবন আমার সেবা করিবে। অভএব যদি ভূমি আপন মঙ্গল আকাক্ষা কর, তবে অভিত্রায় এন্থান ইইতে প্রস্থান কর।

বৃদ্ধ পুরোহিত রাজার এইরপ বাক্য শুনিয়া সশক্ষচিতে তদ্ধওে তাহার আদেশ প্রতিপালন করিলেন, এবং মোন-ভাবে ও স্লানবদনে চিরকোলাহলময় সাগরতীর দিয়া স্থামে প্রত্যাবৃত্ত হইলেন। অঞ্চবারিধারায় আর্দ্রবসন হইয়া স্বীয় অভীষ্টদেবকে সম্বোধিয়া কহিলেন, হে রজ্ভধনুর্দ্ধর ! যদি

তুমি আমার নিত্য নৈমিত্তিক সেবায় প্রসন্ন হইসু থাক, তবে শরজাল বর্ষণে ছুট এীক্দলকে দলিত করিয়া, তাহারা আমার প্রতি যে দৌরাত্ম্য করিয়াছে, তাহার যথাবিধি প্রতি-বিধান কর। পুরোহিতের এই স্তৃতিবাক্য দেবকর্ণোচর हरेल मती िमाली तिरामित महाकृ स्न हरेता वर्ग हरेट छू छ ल অবতীর্ণ হইলেন। দেবপৃষ্ঠদেশে লখ্যান তৃণীরে শরজাল ভরানক শব্দে বাজিতে লাগিল; এবং রোবভরে দেববদন যেন তমোময় হইয়া উঠিল। গ্রীক্ শিবিরের অনতিদূর হইতে . দিননাথ প্রথমে এক ভীষণ শর নিক্ষেপ করিলেন, এবং ধরু-ফক্ষারের ভয়াবহ স্বনে শিবিরস্থ লোক সকলের হৃৎকম্প উপস্থিত হইল ৷ প্রথম শরে অশ্বতর ও ক্ষিপ্রগামী গ্রামিদিংহ সকল বিনষ্ট হইল; দ্বিতীয়বার শর নিক্ষেপে সৈন্যদল ছিল্ল ভিন্নও হত আহত হওয়াতে মুভ্মু ভঃ চারিদিকে চিভাচয়ে শবদাহাগ্নি প্রজ্বলিত হইতে লাগিল। অংশুমালীর শরমালায় ত্রীক্সৈন্যেরা নয় দিবস পর্য্যন্ত লণ্ডভণ্ড ও ক্ষত বিক্ষত হইল; দশম দিবদে মহাবীর আকিলীস্নেত্বর্গকে সভামওপো আহ্বান করিলেন, এবং রাজেন্দ্র আগেমেম্নন্কে সংখাধন করিয়া কহিতে লাগিলেন, এ রাজন্! আমার ক্ষুত্র বিবেচ-নার আমাদিগের উচিত, যে আমরা স্বদেশে পুনরায় ফিরিয়া যাই, কেন না, যে উদ্দেশে আমরা ছুস্তর সাগর পার হইয়া সাসিয়াছি, তাহা কোনক্রমেই সফল হইল না। মহামারী এবং নশ্বর সমর এই রিপুরের দারাই এীকেরা পরাজিত হইল ! তবে যদ্যপি এন্থলে কোন দেবরহস্মজ বিজ্ঞতম হোতা কিম্বা গণক থাকেন; তাহ। হইলে তিনি আমাদিগকে বলুন, যে কি কারণে বিভাবস্থ স্থামাদের প্রতি এত প্রতিকূল ও ক্র

হইয়াছে আর কি আরাধনাতেই বা দেববরের প্রতিকূলতা ও ক্রতা দূরীভূত হইতে পারে।

বীরবরের এই কথা শুনিয়া থেফরের পুত্র মুনীশশ্রেষ্ঠ কাল্ক্য্, যিনি ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমাদ,—ত্রিকালজ্ঞ ছিলেন, কহিলেন, হে আকিলীস্! হে দেবপ্রিয়রিথ। তোমার কি এই ইচ্ছা, যে রবিদেব কি নিমিত্ত তোমাদের প্রতি এত দূর বাম ও বিরক্ত হইরাছেন, তাহা আমি স্পফরণে ব্যাখ্যা করি? ভাল, আমি তোমার বাক্যে সম্মৃত হইলাম। কিন্তু তুমি অথ্যে আমার নিকট এই স্বীকার কর, যে যদ্যপি আমার কথার রাজ-হৃদয়ে কোন বিরক্তিভাবের উদয় হয়, তবে তুমি সেরাজক্রোধ হইতে আমাকে রক্ষা করিবে।

কালকষের এই কথা শুনিয়া মহাবাহু আকিলীদ্ উত্ত-রিলেন, হে কালকষ্! ভুমি নিঃশক্ষচিতে মনের ভাব ব্যক্ত কর। আমি দেবেন্দ্রপ্রিয় অংশুমালী রবিদেবকে দাক্ষী করিয়া শপথ পূর্ব্বক কহিতেছি, যে এ সভায় এমন কোন ব্যক্তিই নাই, যাহাকে আমি ভোমার অবমাননা করিতে দিব। অধিক কি বলিব, সৈন্যাধ্যক্ষপদপ্রতিষ্ঠিত রাজা আগেমেম্ননেরও এতদূর সাহস হইবে না। অত্তব্ব ভূমি দৈবশক্তি ঘারা যাহা বিদিত আছে, মুক্তকঠে ও অভ্যান্তঃকরণে ভাহা প্রচার কর।

এই কথার কালকষ উত্তর দিলেন, হে বীরবর ! ভাস্বর রবিদেব যে কি নিমিত্ত এ দৈন্যের প্রতি এতদূর প্রতিকূলাচরণ করিতেছেন, তাহার নিগৃত কারণ বলি, প্রবণ করুন । যখন ভোমরা ক্রেয়া নগর লুটিয়াছিলে, তৎকালে রবিদেবের কোন এক পুরোহিতের একটী কন্যা অপহরণ করা হইয়াছিল; অপহৃত দ্রব্যজাতের বন্টনকালে সেই কন্যাটী রাজচুক্রবর্তীর অংশে পড়ে। কয়েক দিবস হইল, গ্রহপতির পূজ্ব স্বদেবের রাজদও, মুকুট, ও বহুবিধ মহার্হ বস্তুসমূহ সঙ্গে লইয়া এ শিবিরদেশে আসিয়াছিলেন, তাহার মনে এই বলবতী প্রতীতি ছিল, যে এ স্থলস্থ বীরব্যুহ বিভাবস্থর রাজদও ও মুকুট দর্শন মারেই তাহার দেবকের যথোচিত সন্মান করিবেন এবং তদানীত বহুবিধ মহার্ছ দ্রব্যাদি গ্রহণ পূর্ব্বক দেবদাসের অবৰুদ্ধা ত্ৰহিতাকে মুক্তি প্ৰদানিবেন। কিন্তু এই ত্ৰই আশার কোন আশাই ফলবতী হইল না। ভন্নিমিত তাহার অচ্চিত দেব তদবমাননায় রোষাবিষ্টচিত হইয়া এ বৈন্যদলকে এইরূপ প্রচণ্ড দণ্ড দিতে আরম্ভ করিয়াছেন। এক্ষণে দেববরকে প্রাসন্ন করিবার কেবল একমাত্র উপায় আছে। সেই পরমরপাবতী যুবতীকে নানা অলঙ্কারে অলঙ্কৃত করিয়া এবং দেবপূজার্থে বহুবিধ পূজোপহার ও বলি পুরো-হিতের প্লহে প্রেরণ করিলে, বোধ করি, আমরা এ বিপজ্জাল হইতে অব্যাহতি পাইতে পারি, নতুবা দশ বংসরে রিপু-কুলের অস্ত্রাগ্নি যভদূর করিতে পারে নাই, অতি অপ্প দিনেই দেবকোধে ভভোধিক ঘটিয়া উঠিবে, সন্দেহ নাই। বীরবর! ভগবান অশীতরশার ক্রোধে এ শিবিরাবলী অতি ত্বরায় জনশূন্য হইবে। এবং ঐ ক্রতগামী সাগ্রযান সমূহও, এ সৈন্যদল যে কি কুক্ষণে স্বদেশ হইতে যাত্রা করিয়াছিল, তাহার অভিজ্ঞানরপে এই তীরসন্নিধানে সাগরজলে বহুকাল ভাসিতে থাকিবেক।

কালক্ষের এবস্থিধ বচনবিন্যাস শ্রবণে রাজা আংগেমেম্নন্ ক্রোধে আরক্তনয়ন হইয়া অতি কর্কণ বচনে কহিলেন, রে হুষ্ট প্রতারক! তোর কুরসনা আমার হিতার্থে কখন কোন কথাই কহিতে জানে না; আমার অহিত সংবাদ তোর পক্ষে বড় প্রীতিকর। এক্ণে যদি তোর কথা সত্য হয়, তবে আমি এ কুমারীটিকে মুক্ত করি নাই বলিয়াই রবিদেব এ সৈন্যদলকে এত কষ্টে ফেলিয়াছেন। আমি যে পুরোহিতদত বহুবিধ ধন গ্রহণ করিয়া তাহার কন্যাকে মুক্ত করি নাই, সে কথা অলীক নহে। এ কুমারীটী অতি স্বন্ধরী, এবং আমার সহধর্মিণী রাণী ক্রুতিমিন্তরা অপোকাও আমার সমধিক নয়নানন্দিনী। এ কুমারী রূপ, গুণ, বিদ্যা বুদ্ধি, কোন অংশেই রাণী অপেকা নিক্ষী নহে; তথাত আমি ইহাকে এ দৈন্যদলের হিতার্থে পরিত্যাগ করিতে কুঠিত হইব না। কেননা, আমি লোক-পাল, স্বপালিত লোকের হিতার্থে রাজার কি না করা উচিত ? किछ, (इ वीतर्रम् । यमि आभारक ध कन्यातर् विका इहेर उ হয়, তবে ভোমরা আমাকে অপর একটা পারিভোষিক দিতে म्यु ७ म्हिके इ७। किनना, जिथाप्तत मर्था आि যে কেবল পারিতে।যিকচ্যুত হই, ইহা কোনমতেই যুক্তিযুক্ত नदश् ।

রাজার এই বাক্য প্রবণ করিয়া মহেষাস আকিলাস্ সাতিশয় রোবাবেশে কহিলেন, হে আগেমেম্নন্! তোমা অপেক্ষা লোভী জন, বোধ হয়, এ বিশ্বে আর দ্বিভীয় নাই! এক্ষণে এ সৈন্যদল কোপা হইতে ভোমাকে অন্য কোন পারি-ভোষিক দিবে? লুটিত দ্ব্যু সকল বিভক্ত হইয়া গিয়াছে; এক্ষণে ভো আর সাধারণ ধন নাই, যে ভাহা হইতে ভোমার এ লোভ সম্বরণ হইতে পারে। কিন্তু এক্ষণে ভূমি এ কন্যাটীকে বিমুক্ত করিয়া দিলে, এই সকল নেত্বর্গেরা ভবিষ্যতে তোমাকে এতদপেক্ষায় তিন চারি গুণু অধিক পারিতোষিক দিতে চেফা পাইবে।

রাজা উত্তরিলেন, এ কি আশ্চর্য্য কথা ! আমি এ নেতৃদলের অধ্যক্ষ, তুমি কি জাননা, যে এ নেতৃর্দের মধ্যে যিনি
যাহা পারিভাষিকরপে প্রাপ্ত হইয়াছেন, ইচ্ছা করিলে,
আমি তত্তাবৎ কাড়িয়া লইতে পারি ? আকিলীস্ পুনরায়
ক্রোধভরে কহিলেন, তুমি কি বিবেচনা কর, এ বীরপুরুবেরা
তোমার ক্রীতদাস, যে তুমি তাহাদের সমুখে এরপ
আশ্পর্দ্ধা করিতেছ ৷ আমরা যে তোমার ভাতার উপকারার্থেই
বহু ক্লেশ সহু করিয়া অতি দূরদেশ হইতে আসিয়াছি. ইহা
তুমি বিস্মৃত হইলে না কি? হে নির্লজ্ঞ পামর ! হে অরুতজ্ঞ !
হে ভীরুশীল ! তোমার অধীনে অন্ত্রধারণ করা কি কাপুরুষতার কর্ম্ম ! ইচ্ছা হয়, যে এ স্থলে তোমাকে একাকী পরিত্যাগ করিয়া আমরা সসৈনো স্বদেশে চলিয়া যাই ।

এই বাক্য শ্রবণে নরপতি আগোমেম্নন্ কহিলেন, তোমার যদি এরপ ইচ্ছা হইয়া থাকে, তবে তুমি এই মুহূর্ত্তেই এন্থান হইতে প্রস্থান কর। আমি তোমাকে ক্ষণকালের জন্যেও এন্থানে থাকিতে অনুরোধ করিতেছি না। এখানে অন্যান্য অনেকানেক বীরপুরুষ আছে, যাহারা আমার অধীনে অস্ত্রধারণ করিতে অবমানিত বা লজ্জিত হইবেন না। তুমি আমার চক্ষের বালিম্বরূপ, তোমার অহঙ্কারের ইয়ত্তা নাই। তুমি যাও। রবিদেবের পুরোহিতের নিক্ট এই স্কুমারী কুমারীটিকে প্রেরণ করিবার অথ্যে তুমি যে ত্রীষান নামী কুমারীকৈ পাইয়াছ, আমি তাহাকে স্বলে গ্রহণ করিব। দেখি, তুমি আমার কি করিতে পার।

রশৈদার এই কর্কশ বাণী প্রবণে মহাবীর আকিলীস্ মহাকোথে হতজ্ঞান হইয়া তাহার বধার্থে উক্দেশলম্বিত অসিকোষ
হইতে নিশিত অসি আকর্ষণ করিতেছেন, এমত সময়ে
ম্বরলোকে ম্বরকুলেক্রাণী হীরী জ্ঞানদেবী আথেনীকে ব্যাকুলিতচিত্তে কহিলেন, হে স্থি! ঐ দেখো, এীক্সৈন্যদলের
মধ্যে বিষম বিজাট ঘটিয়া উঠিল! দেবযোনি আকিলীস্
রাজা আগেমেম্ননের প্রতি ক্রুদ্ধ হইয়া তাহার প্রাণদণ্ডে উন্নত হইতেছেন। অতএব, স্থি! তুমি শিবিরে
অতি ম্বায় আবির্ভ্তা হইয়া এ কাল কলহাগ্নি নির্বাণ
কর।

জানদেবী আথেনী তদ্ধে সোদামিনীগতিতে সভাতলে উপস্থিত হইরা বীরবর আকিলীদের পশ্চান্ডাগে দাঁড়াইরা তাহার পিন্ধলনে কেশপাশ আকর্ষণ করতঃ কহিলেন, রে বর্কার! তুই এ কি করিতেছিস্? এই কথা শুনিবামাত্র বীরকেশরী সচকিতে মুখ ফিরাইরা দেবীকে নিরীক্ষণ করিয়া কহিলেন, হে দেবকুলেন্দ্রছহিতে! তুমি কি নিমিত্ত এখানে আসিয়াছ? রাজা আগেমেম্নন্ যে আমার কত দূর পর্যান্ত অবমাননা করিতে পারেন, এবং আমিই বা কত দূর পর্যান্ত ভাহার প্রগল্ভতা সহু করিতে পারি, তুমি কি সেই কোতুক দেখিতে আসিয়াছ?

আয়তলোচনা দেবী আথেনী উত্তর করিলেন, বংস! তুমি এ সভাতে সৈন্যাধ্যক্ষ বারবরকে যথোচিত লাঞ্চনা ও তির-ক্ষার কর, তাহাতে আমার রোষ বা অসম্ভোষ নাই। কিন্তু কোনমতেই উহার শরীরে অদ্রাঘাত করিও না। দেবী এই কয়েকটী কথা বীরপ্রবীর আকিলীদের কর্ণকুহরে অতি मृद्भारत किशा अखर्डिण इहेलन। आत जाहारक स्करहे (पथिट पोहेल ना।

(प्रवीत আ(प्रभान्न्मारत वीत-कूलर्यङ आकिलीम् तांज-कूलर्यं ताजा आरारायम्बन्रक वर्ष्टिय जित्रकात कतिरल, তিনিও রাগে নিতান্ত অভিভূত হইলেন। এই বিষম বিপদ্ উপস্থিত দেখিয়া নেস্তর নামক একজন বৃদ্ধ জ্ঞানবান্ পুৰুষ গাত্রোত্থান পূর্ব্বক সভাস্থ নেত্দিগকে সম্বোধিয়া স্মৃত্রভাষে কহিতে লাগিলেন, হায়! কি আক্ষেপের বিষয়! অগু ত্রীকদলের উপস্থিত বিপদে রাজা প্রিয়াম্ ও তাহার পুত্র-গণের যে কতদূর আনন্দলাভ হইবে, তাহা কে বলিতে পারে? কেননা, এই গ্রীক্-দলের মধ্যে, যে ছইজন মহাপুরুষ অভিজ্ঞতা ও বাহুবলে সর্বশ্রেষ্ঠ, তাহারাই মুর্ভাগ্যক্রমে অন্ত কলহরত হইলেন। আমি সর্কাপেকা বয়সে জ্যেষ্ঠ, এবং তোমাদের পূর্ব্ব ছই পুরুবের মধ্যে, যে সকল মহোদয়েরা বাছবলে ও রণ-বিশারদভায় দেবোপম ছিলেন, ভাঁহাদের সহিতও আমার সংসর্গ ছিল। তোমরা বলী বট, কিন্তু সে সকল প্রাচীন যোধদলের সহিত উপমায় তোমরা কিছুই নও। দে সকল মহাপুৰুষেরাও আমার উপদেশ ও পরামর্শে कथनहे व्यवह्ना वा व्यवसार्यां कतिएन ना। व्यउपद ভোমরা আমার হিতবাক্য মনোভিনিবেশ পূর্ব্বক প্রবণ কুর। তুমি, আংগেমেম্নন্, রাজকুলশ্রেষ্ঠ। এই হেতু এই সকল মহোদয়েরা তোমাকে সেনাধ্যক্ষপদে অভিষিক্ত করি-রাছেন; তেমার উচিত হয় না, যে এই বীরপুরুষদলের মধ্যে যিনি বীরপুরুষোত্তম, ভাহার সহিত ভূমি মনান্তর কর। তুমি, আকিলীম্, দেবযোনি ও দেবকুলপ্রিয়। বিধাতা

তোমাকৈ বাহুবলে নরকুলতিলকরপে সৃষ্টি করিয়াছেন। তোমারও উচিত নয়, যে তুমি এ সৈন্যাধ্যক্ষের সহিত বিবাদে প্রবৃত্ত হও। তোমাদের ছইজনের পরস্পর মনাস্তর ঘটিলে এ গ্রীক্দলের যে বিষম বিপদ উপস্থিত ছইবেক. তাহার কোনই সন্দেহ নাই। অতএব হে বীরপুরুষদ্ম! তোমরা স্ব রোষানল নির্বাণ করিয়া পরস্পর প্রিয় সম্ভাষণ কর।

বৃদ্ধের এবিধি বচনাবলী শ্রবণ করিয়া রাজা আগোমেম্নন্ উত্তর করিলেন। হে তাত! এই গুরাঝার অহস্কারে আমি নিয়তই অসন্তুফী! ইহার ইচ্ছা, যে এ সকলেরি উপরি কর্তৃত্ব করে। এতাদৃশী দান্তিকতা আমি কি প্রকারে সহা করিতে পারি! আকিলীস্ কহিলেন, তোমার এতাদৃশ বাক্যে পুনরায় যদ্যপি আমি তোমার অধীনে কর্ম্ম করি, তাহা-হইলে আমার নিতান্ত নীচতা ও অপদার্থতা প্রকাশ হইবে। আমি এ সৈন্যদল হইতে আমার নিজ সৈন্যদলকে পৃথক্ করিয়া লইব না; কিন্তু আমি স্বরং এ মৃদ্ধে আর লিপ্ত প্রাকিব না। বীরবরের এই কথান্তে সভাভঙ্ক হইল।

তদনন্তর বীরপ্রবীর আকিলীস্ স্থাশবিরে প্রস্থান করিলেন। সৈন্যাধ্যক্ষ রাজা আগেমেম্নন্ রবিদেবেরপুরোহিতের
স্থানরী কন্যাটিকে নানাবিধ পুজোপভার ও বলির সহিত্
স্থীর সাগর্যানে আরোহণ করাইরা এবং স্থবিজ্ঞ অদিস্থাস্কে
নায়কপদে অভিযিক্ত করিয়া ক্র্যানগরাভিমুখে প্রেরণ করিলেন। পরে সৈন্যকলকে সাগররূপ মহাতীর্থে দেহ অবগাহনপূর্বক পরিত্র হইতে আজ্ঞা দিলেন। অশস্থা সাগরতীরে
মহাসমারোহে দিবাকরের পূজা স্মাধা হইল। ধুপ, দীপ,

প্রভৃতি নানা স্থরভিত্রব্যের সৌরভ ধূমসহযোগে আকার্দ্মার্গে উচিল ৷

পরে রাজা ছই জন রাজদূতকে আহ্বান করিয়া কহিলেন, হে দূতদ্বর! তৌমরা উভয়ে বীরবর আকিলীসের
শিবিরে গিয়া ত্রীযীসা নামী স্থন্দরী কুমারীটিকে আনয়ন
কর। যছপি বীরপ্রবর আকিলীস্ সে রূপসীকে স্বেচ্ছায় ও
অনায়াসে ভোমাদের হস্তে সমর্পণ না করেন, তবে ভোমরা
ভাহাকে কহিও, যে আমি স্বয়ং সসৈন্যে ভাহার শিবির
আক্রমণ করিয়া স্বলে সেই ক্শোদরীকে লইব; আর
ভাহ হইলে সেই রাজবিদ্রোহীর নানা প্রকার অমঙ্কলও
ঘটিবেক।

দৃতদ্বয় রাজাজায় একান্ত বাধিত হইয়া অনিচ্ছাক্রমে ধীরে ধীরে বন্ধ্য সিন্ধু তট দিয়া মহাবীর আকিলীসের শিবিরাভিমুখে চলিতে লাগিল। বীরবর দৃতদ্বয়কে দূর হইতে নিরীক্ষণ পূর্বক, তাহারা যে কি উদ্দেশে আসিতেছে, ইহা বুঝিতে পারিয়া, উচ্চৈঃস্বরে কহিতে লাগিলান, হে দেবমানবকুলের সন্দেহবহ! তোমাদের কুশল ও স্বাগত তো? তোমরা কি নিমিত্ত এত মৌন ভাবে ও বিষয়বদনে আসিতেছ? এ কিছু তোমাদের দোষ নহে, ইহাতে তোমাদের লজ্জা বা চিন্তা কি? ইহাতে আমি ক্থনই তোমাদের উপার কফ বা অসন্তুফ হইতে পারি না! তবে যাহার সহিত আমার বিবাদ, তোমরা তাহাকে কহিও, যে তিনি কালে আমার পরাক্রমের বিশেষ আবশ্যকতা বুঝিতে পারিবেন।

তদনস্তর বীরবর আপন প্রিয়বন্ধু পাত্রসুস্কে কহিলেন,

সখে, তুমি এই দূতদ্বরের হক্তে সুক্রীকে সমর্পণ কর; পাত্রকুস্ কন্যাটীকে দৃত্তবয়ের হস্তে সম্প্রদান করিলে, চাক-শীলা স্বপ্রিয়বরের শিবির পরিত্যাগ করিতে প্রচুর অঞ্চ প্রকাশপূর্বক বিষয়বদনে মৃত্বপদে ভাষাদের সঙ্গে চলিলেন। এতদর্শনে মহাধনুর্দ্ধর ক্রোধভরে অধীরচিত্ত হইয়া দূভদ্বয়কে পুনরাহ্বান করতঃ যেন জীমুতমক্রে কহিলেন; " তোমরা, হে দূত্ত্বয়! রাজা আগেমেম্নন্কে কহিও, যে আমি মরামরকুলকে সাক্ষী করিয়া এই প্রতিজ্ঞা করিতেছি, যে আমি শক্রদলের বিপরীতে এবং এীকদৈন্যের হিভার্থে আর কখনই অস্ত্র ধারণ করিব না। রাজচক্রবর্তী রোষান্ধ इरेशा ভবিষ্যতে যে धौक्नलं ভাগ্যে कि लाक्ष्मा आह्र, এখন ভাহা দেখিতে পাইতেছেন না; কিন্তু কালে পাই-বেন। দৃতদ্বর বরাঙ্গনাকে সঙ্গে লইয়া চলিয়া গেলে, বীরকেশরী আকিলীস্ রুষ্বর্ণ অর্থতটে ভাবার্থে একান্ত মগু হইয়া বদিয়া রহিলেন। এবং কিয়ৎক্ষণ পরে হস্ত প্রসারণ করতঃ জননী দেবীকে সম্বোধিয়া কহিতে লাগি-লেন, হে মাতঃ, তুমি এতাদৃশী অব্যাননা সহু করিবার জন্যই কি এ অধীন হতভাগাকে গর্ভে ধারণ করিয়া ছিলে? আমি জানি যে কুলিশ-নিকেপী জাুস্ আমাকে অপ্পায়ুং করিয়াছেন বটে, কিন্তু তথাচ তিনি যে সে অপ্প-কাল আমাকে অতি সন্মানের সহিত অতিবাহিত করিতে দিবেন, ইহাতে আমার তিলার্দ্ধমাত্রও সন্দেহ ছিল না। কিন্তু দেখ, এক্লে রাজা আগেমেম্নন্ আমার কি হরবন্থা না করিল!

ষে স্থলে সাগরজলতলে আপুন পিতৃসন্নিধানে থিটীস্-

দেবী বিসয়াছিলেন, সে স্থলে পুত্রের এবিধিধু বিলাপধ্বনি তাহার কর্নকুহরে প্রবেশ করিলে, দেবী আন্তেব্যস্তে
কুজ্বাটিকার ন্যায় জলভল হইতে উপ্থিত হইলেন এবং
বিলাপী পুরের গাত্র করপছে স্পর্শ করিয়া জিজ্ঞাসিলেন,
রে বৎস! তুই কি নিমিত্ত এত বিলাপ করিতেছিস্?
ভোর মনের ছঃখ রাক্ত করিয়া আমাকে ভোর সমছঃখিনী
কর। তাহা হইলে ভোর ছঃখভারের অনেক লাঘ্য হইবে।

বীর-চুড়ামণি আকিলীস্ জননী দেবীর এই কথা শুনিয়া দীর্ঘনিখাদ পরিত্যাগ করতঃ রাজা আগেমেয়ননের সহিত व्यापन विवास ब्रुखांख व्याप्तापांख छाँशत हत्। निर्वसन করিলেন। দেবী পুত্রবরের বাক্যাবসানে অতি ক্ষুধ্র-চিত্তে উত্তরিলেন, হায় বংস | আমি যে ভোকে অতি কুলগ্নে গর্ভে ধারণ করিয়াছিলাম, তাহার আর কোনই সন্দেহ নাই। বিধাতা তোকে অপ্পায়ুঃ করিয়া সৃষ্টি করিয়াছেন, কিন্তু তাঁহার এ কি বিডম্বনা! তিনি যে তোকে সে অপ্পকাল মুখ-সম্ভোগে ও সন্মানে অতিপাতিত করিতে দিবেন তাহা তো ্কোনমতেই বোধ হইতেছে না। বংস। বিধাতা তোর প্রতি কি নিমিত্ত এত দাৰুণ ! হায় ! কি করি, এবিষয়ে আর কাহার প্রতি দোষারোপ করিব। এবং কাহারই বা শরণ লইব? এক্ষণে কুলিশ-নিক্ষেপী জ্বাস্ পূজাগ্রহণার্থে দেবদলের সহিত .এতোপী-দেশে দাদশ দিনের নিমিত প্রয়াণ করিয়াছেন। তিনি দেবনগরে প্রত্যাগমন করিলে এ সকল কথা তাঁহার চরণে নিবেদন করিব; দেখি, তিনি যদি এ বিষয়ের কোন প্রতিবিধান করেন। তুই রাজা আগেমেম্ননের সহিত কোনমতেই প্রীতি করিস্না; বরঞ্হানয়কুণ্ডেরোষাগ্নি নিয়ত প্রজ্বলিত রাখিন। এই কথা কহিয়া দেবী স্বস্থানে প্রস্থানাথে জলে নিমগ্না হইলেন।

ওদিকে স্থবিজ্ঞ অদিস্থাস্ পুরোধা-ছহিতাকে এবং বিবিধ পূজোপযোগী উপহার দেয়ে দক্ষে লইয়া সাগরপথে ক্রে বানগরে উত্তীর্ণ হইলেন। এবং রবিদেবের পুরোহিতকে অভিবাদন পূর্বাক কহিলেন; হে গুরো! গ্রীক্-সৈন্যাধ্যক্ষ মহারাজ আগেমেন্ন্ আপনার অতীব স্থশীলা কুমারীকে আপনার নিকট প্রেরণ করিয়াছেন। এবং আপনার অচিতি দেবের অচ্চনির্থে বিবিধ দ্ব্যজাত ও পাঠাইয়াছেন। আপনি সেই সকল দ্ব্য সামগ্রী গ্রহণ করিয়া গ্রহপতির পূজা করুন, পূজা সমাপনাত্তে এই বর প্রার্থনা করিবেন, যে আলোকবর্ষী যেন গ্রীকদলের প্রতি আর কোন বামাচরণ না করেন।

পুরোহিত এবিষধ বিনয়াবদানে মহাদমারোহে যথাবিধি দেবপূজা দমাধা করিলেন। এবং প্রীক্ষোধেরা দেবপ্রদাদ লাভ করতঃ মহানন্দে সুরাপানে প্রফুল্লচিত হইয়া সুমধুর-স্বরে গ্রহপতি ভাক্ষরের স্ততিদঙ্গীত সংকীর্ত্তন করিতে লাগিলেন। গ্রহপতি স্ততিদঙ্গীতে প্রদান হইয়া পশ্চিমাচলে চলিলেন। নিশা উপস্থিত হইল। গ্রীক্ষোধেরা দাগর-তীরে শয়ন করিলেন। রাত্রি প্রভাতা হইলে সকলে গাত্রোপান পূর্বক পুনরায় দাগরমানে আরোহণ করিয়া স্থাপিবিরে প্রত্যাগত হইলেন। তদবধি বীরকুলর্মভ আকিলীস্ কুশোদরী প্রণয়িনীর বিরহানলে দক্ষপ্রায় হইয়া এবং রাজা আগেমেম্ননের দোরাজ্যে রোষপরবশ হইয়া কি রাজসভায়, কি রণক্ষেত্রে, কুরাপি দৃশ্যমান হইলেন না। কিন্তু গ্রীক্রিনেরা মহামারীরূপে রাত্র্থাস হইতে নিক্ষতি পাইলেন।

দ্বাদশ দিবস অতীত হইল। কুলিশান্ত্রধারী জুনুস্ দেবদলের সহিত অমরাবতী নগরীতে প্রত্যাগত হইলেন। জলধিয়ানি বিধুবদনা দেবী থিটীস্ স্বর্গারোহণ করিয়া দেখি-লেন যে, অশনিধর দেবপতি শৃক্ষময় অলিম্পুসনামক ধরাধরের তুক্ষতম শৃক্ষোপরি নিভৃতে উপবিষ্ট অন্নছেন। দেবী মহা-দেবের পদতলে প্রণাম করিয়া অতি মৃদ্ধরের ও অঞ্চপূর্ণ লোচনে কহিলেন; হে পিতঃ! যদ্যপি এ দাসীর প্রতি আপনার কিছুমাত্র স্বেহ থাকে, তবে আপনি এই করুন; যে জগতীতলে তাহার ভাগ্যহীন পুত্র আকিলীসের হ্রাসপ্রাপ্ত মানের পুনঃপরিপূরণে যেন তাহার বিপক্ষ গ্রীক্সৈন্যাধ্যক্ষ রাজা আগেমেম্ননের অবমাননা বিলক্ষণ সম্পাদিত হয়।

দেবীর এই যাচঞা শ্রবণে দেবকুলেক্স কিঞ্চিৎকাল তুফী-ভাবে রহিলেন। দেবী দেবেক্রের এবস্তৃত ভাবদর্শনে সভয়ে তাঁহার জাতুদ্বয়ে হস্ত প্রদান করিয়া সককণে কহিলেন, হে পিতঃ। আপনিও কি আমার হতভাগা পুলের প্রতি বাম হইলেন! নতুবা কি নিমিত্ত আমার বাক্যের প্রত্যুত্তর দিতেছেন না? দেবনরকুলপিতা শরণাগতার এতাদৃশ বাক্য শ্রবণে উত্তর করিলেন, বংসে! তুমি আমার উপরে এ একটী মহাভার অর্পণ করিতেছ, কেন না, ভোমার আনন্দ সম্পাদন করিতে হইলে উএচঙা হীরীকে বিরক্ত করিতে হয়, এমনিই সে এই বলিয়া আমার প্রতি দোষারোপ করে, যে আমি কেবল সদা সর্বাদা ট্রানগরীয় সৈন্যদলের প্রতি অনুকূলতা প্রকাশ করিয়া থাকি। সে যাহাহউক, এক্ষণে আমি বিবেচনা করিয়া দেখি, আর তুমিও এবিষয়ে সতর্ক থাকিও, যদ্যপি আমি শিরোধুনন করি, তবে নিশ্বয় জানিও, যে ভোমার মনস্কামনা

स्मिकं रहेता। अहे वांका प्रती वां आं जात अकृष्ट प्रिंच प्रविश्व विक्रिंग विक्रिंग किंद्रा। तहित्व । मृक्ष्य अलिष्णू मृथ्यथ्य लिख्या जिल्हे । प्रति विक्रिंग विक्रिंग विक्रिंग । प्रती वृक्षि जाति जाति त्य अहेवाद जाति विक्रिंग अही है कि । प्रती वृक्षि जाति जाति विक्रिंग । प्रती वृक्षि जाति जाति । प्रति वृक्षि जाति जाति । प्रती वृक्षि है साहि । प्रति विक्रिंग जाति जाति । प्रति विक्रिंग जाति विक्रिंग । किंद्र जाति जाति । किंद्र ज

তদনম্ভর দেবকুলপতি দেবসভাতে উপস্থিত হইলে,দেবদল সমন্ত্রমে উঠিয়া দাঁড়াইলেন। দেবকুলেন্দ্র রাজসিংহাসন পরিগ্রহ করিলে দেবকুলেন্দ্রাণী বিশালাক্ষী হীরী অতি কটু-ভাষে কহিলেন; হে প্রভারক! কোন্ দেবীর সহিত, কোন্ বিষয় লইয়া অদ্য তুমি নিভ্তে পরামর্শ করিতেছিলে? আমি নিকটে না থাকিলে, দেখিতেছি, তুমি সর্ব্বদাই এই-রূপ করিয়া থাক। তোমার মনের কথা আমার নিকট कथनह - म्भुकेन्नाल वाक कत ना। এह कथात्र प्रवर्पव মেঘবাহন কুরভাবে উত্তরিলেন, আমার মনের ভোমাকে কি কারণে খুলিয়া বলিব? আমার রহস্য-মণ্ডলে তুমি কেন প্রবেশ করিতে চাহ? শ্বেতভুজা হীরী কহিলেন, আমি জানি, সাগর-ছহিতা থেটীস্ অদ্য ভোমার নিকটে আসিরাছিল, অতএব তুমি কি তাহার অনুরোধে গ্রীক্সেনাদলকে হুঃখ দিতে যানস করিতেছ? তুমি কি রাজা আগেমেমুননের মানের হানি করিয়া আকিলীদের সম্ভব রৃদ্ধি করিতে চাহ ? দেবেজ্রাণীর এতাদৃশ বাক্যে দেবেজ্রকে রোঁষাবিত দেখিয়া তাহাদের বিশ্ববিখ্যাতপুত্র বিশ্বকর্মা এ কলহায়ি
নির্বাণার্থে এক স্বর্ণাত্ত অমৃত পূর্ণ করিয়া আপন মাতাকে
প্রদান করতঃ কহিলেন, হে মাতঃ! আপনারা ছইজনে
রথা কলহ করিয়া কি নিমিত্ত স্থেময়ী দেবপুরীর স্থেসস্তোগ
ভঞ্জন করিতে চাহেন। পুত্রবরের এই বাক্যে আয়তলোচনা
দেবেজ্রাণী নিরস্ত হইলেন। পরে দেবতারা সকলে একত্র
হইয়া সমস্ত দিন দেবোপাদেয় সাম্থ্রী ভোজন ও অমৃত পান
করিয়া কালাতিপাত করিতে লাগিলেন। দেব দিনকর
করে স্বর্ণীণা গ্রহণ পূর্কক ন্যায়িকা দেবীর স্থমপুর ধ্বনির
মাধুর্য রিদ্ধি করিয়া সকলের মনোরঞ্জনে প্রস্ত হইলেন।
এমত সময়ে রজনীদেবীর আবির্ভাব হইল।

সুরলোকে ও নরলোকে সর্বজীবকুল নিদ্রাবৃত হইল ! কিন্তু নিদ্রাদেনী দেবকুলপতির নেত্রদ্বর এক মুহুর্ত্তের নিমিত্ত নিমী-লিত করিতে পারিলেন না। কেননা, তিনি কি রূপে আকিলীনের সন্ত্রম বৃদ্ধি, ও রাজা আগেমেম্ননের অধঃপাত সাধন করিবেন, এই ভাবনায় সমস্ত রাত্রি জাগরিত রহিলেন। অনেকক্ষণ পরে দেবরাজ কুহকিনী স্বপ্রদেবীকে আহ্বান করিয়া কহিলেন, হে কুহকিনি! তুমি দ্রুতগতিতে রাজা আগেমেম্ননের শিবিরে যাও, এবং তথায় গিয়া রাজ-শিরোদেশে দণ্ডায়মানা হইয়া এই কহিও যে, হে আগেমেম্নন্! অলিম্পুদ্রনিবাসী অমরকুল দেবেন্দ্রাণী হীরীর অনুরোধে তোমার প্রতি প্রসন্ম হইয়াছেন, তুমি সমৈন্যে প্রশন্তপথশালী ট্রয়নগর আক্রমণ করতঃ তাহা পরাজয় কর। দেবেন্দ্রের এই আদেশ পালনার্থে স্বপ্রদেবী অতিবেগে শিবিরপ্রদেশে আবিভূতা

কহিলেন। এবং আগেমেন্নরে শিরোদেশে দাঁড়াইয়া কহিলেন, হে বীরকুলসম্ভব রাজন্! তুমি কি নিদ্রান্ত আছ়। হে মহারাজ! যে ব্যক্তির উপর এতাদৃশ অগণ্য সৈন্যদলের হিতাহিত বিবেচনার এবং তত্তাবৎ জনগণের রক্ষার ভার সম্পিতি আছে, সে ব্যক্তির কি এরপ নিশ্চিম্বভাবে সমস্ত রাজি নিদায় যাপন করা উচিত? অতএব তুমি অতি ত্বায় গাজোম্বান কর, এবং দেবকুলের অনুকম্পায় বিপক্ষপক্ষকে সমরশায়ী করিয়া জয়লাভ কর। স্প্রদেবী এই কথা কহিয়া অম্বর্হিতা হইলেন। পরে রাজা এই র্থা আশায় মুদ্ধ হইয়া গাজোম্বান করতঃ অতি শীদ্র রাজ-পরিচ্ছদ পরিধান করিলনেন, এবং জ্যোতির্ম্বয় অসমুফি শারসনে বন্ধন পূর্বক স্বংশীয় অক্ষয় রাজদণ্ড হস্তে গ্রহণ করিয়া বহির্গত হইলেন।

উষাদেবী তুক্দৃদ অলিচ্পুসপর্কতোপরি আরোহণ করিয়া দেবকুলপতি এবং অন্যান্য দেবকুলকে দর্শন দিলেন, বিভাবরী প্রভাতা হইল। রাজা আগেমেম্নন্ উচ্চরব বার্ত্তাবহুগণকে সভামওপে নেতৃর্দের আহ্বানার্থে অনুমতি দিলেন। সভা হইল। রাজা আগেমেম্নন্ সভান্থ বীরদলকে সম্বোধন করিয়া উচ্চঃম্বরে কহিলেন, হে বীরবৃদ্ধ! গভ স্থাময়ী নিশাকালে স্থাদেবী মান্যবর নেস্তরের প্রতিমূর্তি ধারণ করিয়া আমার শিরোদেশে দণ্ডায়মানা হইয়া কহিলেন, "হে আগেমেম্নন্! তুমি কি নিদ্যার্থত আছে? হে মহারাজ! যে ব্যক্তির উপার এতাদৃশ অগণ্য সৈন্যদলের হিতাহিত বিবেচনার এবং তন্তাবৎ জণগণের রক্ষার ভার সমর্পিত আছে, সে ব্যক্তির কি এরপা নিশ্বিস্তভাবে সমস্ত রাত্রি নিদ্রায় যাপন করা উচিত? অতএব তুমি

অতি ত্বরায় গাত্রোখান কর, এবং দেবকুলের অনুক্সীয় বিপক্ষপক্ষকে সমরশায়ী করিয়া জ্বয়লাভ কর।" অপ্রদেবী এই কথা বলিয়া অন্তর্হিতা হইলেন।

তদনন্তর আমারও নিজাভক হইল। একণে আমাদের কি করা কর্ত্তব্য, তাহার মীমাংসা কর। আমার বিবে-চনায়, 'চল, আমরা ঝদেশে ফিরিয়া যাই 'এই প্রতারণা-বাক্যে আমি বোধদলকে ঝদেশে ফিরিয়া যাইতে মন্ত্রণা দি, আর তোমরা কেহ কেহ, তাহা নয়, আইস, আমরা এখানে থাকিয়া য়ুদ্ধ করি, এই বলিয়া তাহাদিগকে এখানে রাখিতে চেটা পাও, এইরপ বিপরীত ভাবের আন্দোলনে যোধরন্দের মনের প্রক্লত ভাব বিলক্ষণ বুঝা যাইবেক।

রাজার এই কথা শুনিয়া প্রাচীন নেন্তর গাত্রোত্থান করিয়া কহিলেন, হে গ্রীক্দেশীয় সৈন্যদলের নেতৃত্বন্দ! যদ্যপি এরপ কথা আমি আর কাহার মুখ হইতে শুনিতাম, তাহা হইলে ভাবিতাম, যে সে ভীকচিত্ত জন প্রবঞ্চনা দ্বারা আমানিদিগকে লজ্জায় জলাঞ্জলি দিয়া এ দেশ হইতে স্বদেশে ফিরিয়া যাইতে প্ররোচনা করিতেছে। কিন্তু য্থন রাজা আগেমেম্নন্ স্বয়ং এ কথার উল্লেখ করিতেছেন, তখন এ বিষয়ে আমাদের অনুমাত্রও অবিশাস করা উচিত হয় না। অতথ্য কিরূপে আমাদের যোধদল এখানে থাকিয়া, যে উদ্দেশে আমরা অকুল হুক্তর সাগর পার হইয়া এ দেশে আসিয়াছি, তাহা সম্পন্ন করিবে, তাহার উপায় চিন্তা কর। সভা তক্ব হইলে রাজদণ্ডধারী নেতা সকল স্ব শিবিরাভিম্মুখে প্রস্থান করিলেন। যেমন গিরি-গন্থরন্থিত মধুচক্রে

শুনিং বাসন্ত কুসুমসমূহের উপর উড়িয়া বসে, আর কতক শুনি দিনবদ্ধ হইয়া বায়ুপথে ইতস্ততঃ পরিভ্রমণ করিতে থাকে, সেইরপ এীক্সৈন্যদল আপন আপন শিবির হইতে বদ্ধশ্রেণী হইয়া বাহির হইল। বহু-রসনা-শালী জনরব বহুবিধ বার্ত্ত। বহু দিকে বিস্তৃত করিতে লাগিল। সৈন্যদলে মহা কোলাহল হইয়া উঠিল।

তদনন্তর রাজসন্দেশবহ উদ্ধবাত হইয়া, তোমরা সকলে নীরব হও, ভোমরা সকলে নীরব হও, এই কথা বলিবা মাত্রেই যে যেখানে ছিল, অমনি বসিয়া পডিল ৷ সেই মহা कालाश्ल-ऋल अकन्यार (यन भाखिएनवी शमार्शन कतिलन। রাজচক্রবর্তী আগেমেম্নন্ দক্ষিণ হত্তে রাজদও ধারণ করতঃ উচ্চৈঃশ্বরে কহিতে লাগিলেন, হে বীরবৃন্দ। দেবকুল-ইন্দ্র যে অঙ্গীকার করিয়া আমাদিগকে এ দূর দেশে আনিয়াছেন, এক্ষণে তিনি সৈ অসীকার রক্ষা করিতে বিমুখ। যে কুহকিনী আশার কুহক যেন কোন দৈব ঔষধ স্বরূপ আমাদিগকে এই ছুরস্ত রণে ক্লাস্ত হইতে দিত না, এবং আমাদের দেহ রক্তশুন্য হইলে পুনরায় তাহা রক্তপূর্ণ করিত, আমাদের বাহু বলশুন্য হইলে পুনরায় তাহা বলাধান করিত, একণে म आगाय आगानिगरक इलाग इहेट इहेल। ध प्रक्षरं রিপুদল যে আমাদের বীরবীর্য্যে ও পরাক্রমে পরাভূত হইবে, এমত আর কোনই আশা বা সন্তাবনা নাই। 'এই আদেশ चामि मच्चि (परित्मुत निकर्षे इहेर्ड थार्थ इहेग्राहि। कि লজ্জার বিষয়! আমার বিবেচনায়, আমাদের এ ছংখের কাহিনী ভনিলে, বর্ত্তমানের কথা দূরে থাকুক; বোধ হয়, ভবিষ্যতের বদনও ত্রীড়ায় অবনত ও মলিন হইবে।

কি আক্ষেপের বিষয়! আমরা এমত প্রচণ্ড ও প্রকাণ্ড বুনার সহকারে এ ক্ষুদ্র রিপুদলকে দলিত করিতে পারিলাম না? নয় বংসর পরিশ্রেমের পর কি আমাদের এই কললাভ হইল? দেখ, আমাদের তরীরন্দের ফলক সকল ক্ষত হইতেছে, রজ্জুনকল জীর্ণাবন্ধা প্রাপ্ত হইতেছে, আর আমাদিগের চিরানন্দ গৃহে পিতি-বিরহ-কাতরা কলত্রন্দ, ও পিত্-বিরহ-কাতর শিশুসন্তান সকল আমাদিগের প্রত্যাগমন প্রতীক্ষার পথ নিরীক্ষণ করিতেছে। এ সকল যন্ত্রণার কি এই কল? কিছু কি করি, বিধাতার নির্বন্ধ কে খণ্ডন করিতে পারে? এক্ষণে আমার এই পরামর্শ, যে যখন ট্রয়নগর অধিকার করা আমাদের ক্ষমতাতীত হইল, তখন চল, আমাদের এ দেশে থাকায় আর কোনই প্রয়োজন নাই।

মহাবাহু সেনানীর এতাদৃশ বাক্যাবলী শ্রবণ করিয়া,
যাহারা রাজমন্ত্রণার নিগু তত্ত্ব না জানিত, তাহাদের মন,
যেমন শস্ত্রপূর্ণ ক্ষেত্রে প্রবল বায়ু বহিলে, শস্ত্রশিরঃ তত্বহনাতিমুখে পরিণত হয়, সেইরপ রাজপরামর্শের দিকে প্রবণ হইল।
সৈন্যদল আনন্দধনি করতঃ এ উহাকে আহ্বান করিয়া
কহিতে লাগিল, ডিঙা সকল ভাঙা হইতে সমুদ্রজলে নামাও।
চল, আমরা স্বদেশে ফিরিয়া যাই। এইরপ কোলাহলময়
ধনি অমরাবতীতে প্রতিধ্বনিলে দেবকুলেন্দ্রাণী রুশোদরী
হীরী নীলকমলাকী আথেনীকে সম্বোধন করিয়া কহিলেন,
হে স্থি, এীক্ সৈন্যদল কি এই সকলঙ্ক অবস্থায় স্বদেশে
প্রস্থান করিতে উত্তত হইল? তাহারা কি আপনাদের
পরাভবের অভিজ্ঞানরপে হেলেনী সুন্দরীকে ট্রয়নগরে রাখিয়া
চলিল ? এই জন্যেই কি এত বীরর্ক্ষ এ দূর রণক্ষেত্রে প্রাণ

পরিক্যাগ করিল? অতএব তুমি, স্থি, অতি ক্রতগতিতে বর্মধারী ব্যোধদলের মধ্যে আবিভূতা হইয়া স্নমধুর ও প্ররোচক বচনে তাহাদিগকে সাগ্রযানসমূহ সাগ্রমুখে ভাসাইতে নিবারণ কর।

দেবীর বচনারুসারে আথেনী অলিম্পুসনামক দেবগিরি হইতে গ্রীক্সৈন্যের শিবির মধ্যে বিদ্যুৎগতিতে আবিভূতা इरेलन; এবং দেখিলেন, যে স্কোশলী অদিস্তাস কুগ্ণ-চিত্তে ও মলিনবদনে স্বপেত-সন্নিধানে দাঁড়াইয়া রহিয়া-ছেন। দেবী তাহাকে স্পর্শ করিয়া কহিলেন, বৎস! ও যোধদল কি লজ্জায় জলাঞ্জলি দিয়া খদেশে ফিরিয়া চলিল। তোমরা কি কেবল জগন্মওলে হাস্যাম্পদ হইবার নিমিত্ত এদেশে আদিয়াছিলে। দে যাহা হউক, তুমি সর্কাপেকা বিজ্ঞতম। অতএব তুমি অতি ত্রার এই সদেশ-গমনাকাজ্ঞিণী অক্ষেহিণীর মনঃত্রোতঃ পুনরায় রণসাগরা-ভিমুখে বহাইতে সচেষ্ট হও। অদিস্কাস্ সরবৈলক্ষণ্যে জানিতে পারিলেন, যে এ দেববাক্য ! এবং দেবীর প্রসাদে দিব্য চক্ষুঃ লাভ করিয়া দেবমূর্ত্তি সমূখে উপস্থিতা দেখিলেন। তদশ্নে প্রফুল্লচিত হইয়া রাজচক্রবত্তী আগেমেম্ননের রাজদণ্ড রাজানুমতিরূপে চাহিয়া লইয়া অনেককে অনেকানেক ' প্রবোধবাক্যে শান্ত্রনা করিতে লাগিলেন।

লণ্ডভণ্ড এবং কোলাহলপূর্ণ দৈন্যদলকে শান্তশীল ও শ্রাবণাংশ্বক দেখিয়া অদিস্থাস্ উচ্চিঃসরে কহিয়া উঠি-লেন, হে বীরবৃন্দ! ভোমরা কি পূর্ব্বকথা সকল বিস্মৃত হইয়া কলক্ষসাগরে নিমগ্ন হইতে ইচ্ছা করিভেছ ? স্মারণ করিয়া দেখ, যখন আমরা এই ট্রানগরাভিমুখে যাত্রা

করি, তখন দেবতারা কি ছলে, আমাদের অদৃষ্টে ভর্মিত যে কি আছে, ভাহা জানাইয়াছিলেন। আমক্তা যৎকালে যাত্রাপ্রে মহা সমারোহে দেবকুলপতির পূজা করি, তৎ-কালে পিঠতল হইতে সহসা এক দর্প কণা বিস্তুত করিয়া বহির্গত হইল। এবং অনতিদূরে একটী উচ্চ রক্ষের 'উচ্চত্র শাখাস্থিত পক্ষীনীড় লক্ষ্য করিয়া তদভিমুখে উচিতে লাগিল। সেই নীড়মধ্যে জননী পক্ষিণী আঢ়িটী অতি শিশু শাবকের উপর পক্ষ বিস্তৃত করিয়া তাহাদিগকে রক্ষা করিভেছিল। কিন্তু সমাগত রিপুর উজ্জ্ব নয়না-नल पक्ष शांत्र इहेग्रा आजातकार्थ প्रनिश्थ द्रक्तित চতুষ্পার্শে আর্ত্রনাদে উডিতে লাগিল। অহি একেং আট্টী শাবককেই গিলিল। জন্মদায়িনী এই श्रुपञ्जू खनी घर्षना मन्दर्भात भूना नीएवर निकर्रवर्डिनी श्रेश উচ্চতর আর্ত্ত-নাদে দেশ পূরিতেছে, এমত সময়ে সর্প আচম্বিতে লম্বমান তাহাকেও ধরিয়া, উদরস্থ করিল। উদরস্থ করিবামাত্র সে আপনি তৎক্ষণাৎ পাষাণদেহ হইয়া ভূতলে পড়িল। দেবমনোজ্ঞ কালকষ্ তৎকালে এই অদ্ভুত প্রপঞ্চের ব্যঙ্গতো ব্যক্তার্থে মুক্তকণ্ঠে কহিলেন, হে বীরবৃন্দ! ভোমরা যে টুয়নগর অধিকার করিয়া রাজা প্রিয়ামের গৌরব-রবিকে চিররাভ্তাাদে নিক্ষেপ করিয়া চিরযশস্বী হইবে, দেবকুল ভাহা ভোমাদিগকে এই ইঙ্গিভে 'দেখাইয়াছেন; কিন্তু ভন্নিমিত্ত নয় বৎসর কাল ভোমাদিগকে ছুরম্ভ রণক্লান্তি সহু করিতে হইবেক। এই কহিয়া অদিস্থাস পুনরায় কহিতে লাগিলেন, হে বীরকুল! ভোমরা সে দেব-ভেদভেদকের কথা কেন বিশ্বত হইতেই ? দেখ, নৰম বংসর

অতীত্ত হইয়া দশম বংসর উপস্থিত হইয়াছে। এই বর্ত্তমান বর্ষে যে স্থানবা কতকার্য্য হইব, তাহার আর কোনই সন্দেহ নাই। তোমরা তবে এখন কি বিবেচনায় পরিপক্ষ শস্যপূর্ণ ক্ষেত্রে অগ্নি প্রদান করিতে চাহ। এ কি মূচ্তার কর্ম্ম?

বীরবরের এই উৎসাহদায়িনী বচনাবলী জ্ঞানদেবী আথেনীর মায়াবলে শ্রোত্নিকরের মনোদেশে দৃঢ়রূপে বদ্ধমূল
হইল। এবং তাহারা মুক্তকঠে বীরবরের অভিজ্ঞতা ও
বীরতার প্রশংসা করিতে লাগিল। অদিস্থানের এই
বাক্যে প্রাচীন নেস্তর অনুমোদন করিলে রাজচক্রবর্তী আগোমেম্নন্ নেতৃদলকে মুদ্ধার্থে স্বসজ্ঞ হইতে আজ্ঞা দিলেন।
যোধ সকল স্বস্থা শিবিরে প্রবেশ পূর্ব্বক ভাবী কাল মুদ্ধ
হইতে অব্যাহতি পাইবার জন্য স্ব ইউদেবের অর্চনা
করিলেন।

সৈন্যদল রণ্যজ্ঞায় বাহির হইল। যেমন কোন গিরিশিরস্থ বনে দাবানল প্রবেশ করিলে, বিভাবস্থর বিভায় চতুদ্ধিক আলোকময় হয়, সেইরপ বীরদলের বর্ম-জ্যোতিতে
রণক্ষেত্র জ্যোতির্মায় হইল। যেরপ কালে সারসমালা বদ্ধমালা হইয়া পবন পথ দিয়া ভীষণ খনে কোন তড়াগাভিমুখে
গমন করে, সেইরপ শ্রদল শ্রনিনাদে রিপুসৈন্যাভিমুখে যাত্রা
করিল। প্রতিনেভারাও স্ব যোগদলকে বদ্ধারিকর হইয়া
অস্ত্র শস্ত্র গ্রহণপূর্বক সমরে প্রবৃত্ত হইতে আজ্ঞা দিলেন।
যেমন মুখপতি যুথমধ্যে বিরাজমান হয়, সেইরপ রাজচক্রবর্তী
রাজা আগোমেম্নন্ও সৈন্যদলমধ্যে শোভমান হইলেন।
বীরপদভরে বস্মতী যেন কাঁপিয়া উচিলেন।

## षिতীয় পরিচ্ছেদ।

এ দিকে ট্রয় নগরস্থ রাজতোরণ হইতে বীরদল রণ-সজ্জিত হইয়া ভাষরকিরীটী রিপুকুল-মর্দ্দন বীরেন্দ্র হেক্টরকে দেনাপতি-পদে অভিবিক্ত করিয়া তৃত্স্কার ধ্বনিতে রণক্ষেত্রে উপস্থিত হইল। পদগুলি-রাশি কুজুঝটিকা-রূপে আকাশমার্গে উপ্পিত হইয়া রণস্থল যেন অন্ধকারময় ছুই দল পরস্পর সন্মুখবর্তী হইয়া রণোদ্যোগ করিতেছে, এমত সময়ে দেবাকৃতি স্থন্দর বীর ক্ষন্দর, হস্তে বক্র ধরুং, পৃষ্ঠে ভূণ, উঞ্দেশে লম্বনান অসি, দক্ষিণ হস্তে দীর্ঘ কুম্ত আক্ষালন করতঃ অঞাসর হইয়া বীরনাদে বিপক্ষ পক্ষের বারকুলেন্দ্রকে দ্বন্দ্রবাদ করিলেন। ক্ষুধাতুর সিংহ দীর্ঘশৃঙ্গী কুরঙ্গী কিম্বা অন্য কোন বনচর অজাদি পত সন্দর্শনে নিরতিশয় উল্লাস সহকারে বেগে তদভিমুখে ধাবমান হয়, সেইরূপ রণবিশারদ বীরকুলভিলক মানিল্যুস চিরয়্ণিত বৈরীকে দেখিয়ারথ হইতে ভূতলে লক্ষ প্রদান চির-ঈপ্দিত সময় উপস্থিত হইয়াছে, যে সময়ে তিনি এই অক্তজ্ঞ অতিথির যথাবিধি প্রতিবিধান করিতে পারিবেন ৷ \*কিন্তু যেমন কোন পথিক সহসা পথপ্রান্তে গুলাুমধ্যে কাল-সর্পকে দর্শন করিয়া ত্রাসে পুরোগমনে বিরত হয়, সেইরূপ হ্বন্দর বীর ক্ষন্দর মানিল্যুসকে দেখিয়া ভয়ে কম্পিতকলেবর रहेश चरेनना मध्या शूनः প্রবেশ করিলেন।

ভাতার এতাদৃশী ভীকতা ও কাপুক্ষতা সন্দর্শনে মহে-ষাদ হেক্টর ক্রোধে আরক্ত-নয়ন হইয়া এই রূপে ভাহাকে ভং সনা করিতে লাগিলেন,—রে পামর। বিধাতা কি তোকে এ স্থন্দর বীরাক্ষতি কেবল স্ত্রীগণের মনোমোহনার্থেই निशाह्न। शाधिक्! जूहे यनि ज्यिष्ठं हहेवा या व कान-আদে পতিত হইতিসূ, তাহা হইলে, তোর দ্বারা আমাদের এ জগিषिशा । পিতৃকুল केथनरे मकलक्ष रहेर्ड পারিত ना। ভোর মূর্ত্তি দেখিলে, আপাততঃ বোধ হয়, যে তুই ট্রয়নগরস্থ একজন বীর পুরুষ! কিন্তু ভোর ও হৃদয়ে সাহসের লেশ মাত্র নাই। তোরে ধিক্! তুই স্ত্রীলোক অপেক্ষাও অধম ও ভীৰু। তোর কি গুণে যে দেই ক্লোদরী রমণী বীর-কুলেপিক ভা বীর পত্নীর মন ভূলিল, ভাছা বুঝিতে পারি না। তোর সেই সভত-বাদিত সুমধুর বীণা, যদ্ধারা তুই প্রেম-দেবীর প্রসাদে প্রমদাকুলের মনঃ হরণ করিস্, অতি ত্বরায়ই নীরব হইবে। আর ভোর এই নারীকুল-নিগড়-স্বরূপ চ্র্কুণ্ডল ও ভোর এই নারীকুল-নয়নরঞ্জন অবয়ব অচিরে ধূলায় ধূদরিত হইবে। এমন কি, যদি ট্রয়নগরস্থ জনগণের হানয় দয়ার্দ্র না হইত, তাহা হইলে নিশ্চয়ই তাহারা এই দণ্ডেই প্রস্তর-নিক্ষেপণে তোর কঙ্কালজাল চুর্ণ করিত। রে অধম! তোর সদৃশ খদেশের অহিতকারী ব্যক্তি কি আর ছটি আছে।

সোদরের এইরূপ তিরস্কারে ও প্রথবচনে দেবাক্তি স্থন্দর বীর ক্ষন্দর অতি মৃত্তারে ও নতশিরে উত্তর করিলেন— হে জ্রাতঃ হেক্টর! তোমার এ তিরক্ষার ন্যায্য! তন্মিষিত্তই স্থামি ইহা সন্থ করিতেছি। বিধাতা তোমাকে বলীকুলের কুলপ্রদীপ করিয়াছেন বলিয়া তুমি যে সৌন্দর্যপ্রতি নারীকুল-মনোহারিণী দেবদত গুণাবলীকে অবহেল কর, ইহা কি তোমার উচিত? তবে ভোমার, ভাই, যদি ইচ্ছা হয়, তুমি উভয়দল মধ্যে এই ঘোষণা করিয়া দাও, যে আমি নারীকুলোত্তমা হেলেনী স্কুন্দরীর নিমিত্ত মহেম্বাস মানিল্যুসের সহিত একাকী যুদ্ধ করিতে প্রস্তুত আছি। আমাদের ছই জনের মধ্যে যে জন জয়ী হইবে, সে জন সেই স্কুন্দরী বামাকে জয়-পতাকা-স্করপ লাভ করিবে। আর তোমরা উভয় দলে চিরদন্ধি দারা এ ছরন্ত রণাগ্নি নির্কাণ পূর্বক, যাহারা এদেশনিবাসী, তাহারা উয়রনগরে ও যাহারা ক্রতগ-তুরগ্রানি ও কুরঙ্কনয়না অঙ্কনাময় হেলাস্-দেশ-নিবাসী, তাহারা সেই স্কুদেশে প্রত্যাবর্ত্তন করিও।

বীরর্যভ হেক্টর জাতার এতাদৃশ বচনে পরমাহলাদে
সকুন্তের মধ্যস্থল ধারণ করতঃ উভয়দলের মধ্যগত
হইয়া স্বলদলকে রণকার্য্য হইতে নিবারিলেন। গ্রীকযোধেরা অরিন্দম হেক্টরকে সহায়হীন সন্দর্শনে আন্তে ব্যস্তে
শরাসনে শর যোজনা করিতে লাগিল। কেহ বা পাযাণ ও
লোপ্র নিক্ষেপণার্থে উদ্যত হইতেছে, এমত সময়ে রাজচক্রবর্ত্তী সৈন্যাধ্যক্ষ রাজা আগেমেম্নন্ উচ্চঃস্বরে কহিলেন,
হে যোধদল। এক্ষণে তোমরা ক্ষান্ত হও। তোমরা কি দেখিতে
পাইতেছ না, যে ভাস্বর-কিরীটী হেক্টর কোন বিশেষ
প্রস্তাব করণাভিপ্রায়ে এ স্থলে উপস্থিত হইয়াছেন। রাজার
এই কথা শুনিবা মাত্র যোধদল শ্রতিমাত্র ব্যস্ত হইয়া নিরস্ত
হইল। হেক্টর উচ্চভাষে কহিলেন, হে বীরবৃন্দ, আমার
সহোদর দেবাক্রতি স্কন্দর বীর ক্ষন্দর, যিনি এই সাংগ্রামিক-

কুলের নিযুলকারী এ সংগ্রামের মূলকারণ, আমাদিগকে এই যুদ্ধকার্য্য হঁইতে বিরত করিবার জন্য এই প্রস্তাব করিতেছেন, যে ক্ষন্দপ্রিয় বীরেন্দ্র মানিল্যুদ একাকী তাহার সহিত যুদ্ধ করুন, আর আমরা দকলে নিরস্ত্র হইয়া এই আহব-কোতৃহল দন্দর্শন করি। এ দ্বন্দ্যুদ্ধে যিনি জয়ী ইইবেন, দেই ভাগ্যধর পুক্ষ হেলেনী ললনাকে পুরক্ষারব্রপে পাইবেন।

ভাস্বর-কিরীটী শুরেন্দ্র হেক্টরের এইরূপ কথা শুনিয়া ক্ষন্দ-প্রিয় বীরেন্দ্র মানিল্যুদ কহিলেন, হে বীরবৃন্দ। এ বীরবরের এ বীরপ্রস্তাব অপেকা আর কি শান্তি ও সম্ভোষ-জনক প্রস্তাব হইতে পারে? আমার কোন মতেই এমত ইচ্ছা নয়, যে আমার হিভের জন্য প্রাণী সমূহ অকালে শ্যন-ভবনে গমন করে; কিন্তু ভোমরা, হে শূরবর্ণ! দেবী বহুমভীর বলির নিমিত একটা শুল্র মেষশাবক, সুর্যাদেবের নিমিত একটা ক্লফবর্ণ মেষশাবক, এবং দেবকুলপতির নিমিত্ত আর একটা মেযশাবক, এই তিনটা মেষশাবক আহ-রণ করিতে চেষ্টা পাও। আর বৃদ্ধ-রাজ প্রিয়ানের আহ্বা-নার্থে দূত্রপ্রেরণ কর; কেননা, ভাষার পুজেরা অতি অহ-क्कांती, उ अदिशामी, ववः विकः जत्नता उ विनिशा थारकन, व যোবনকালে যোবনমদে যুবজনের মনস্থিরত। অতীব ছল ত। কিন্তু প্রাচীন ব্যক্তিসমূহ ভূত, ভবিষ্যৎ, বর্ত্ত্বান, এই তিনকাল বিলক্ষণ বিবেচনা না করিয়া কোন কর্মেই হস্তার্পণ করেন না।

বীরবরের এইরপ কথা প্রবণে উভয় দল আনন্দার্থবি মগ্ন হইল; রথী রথাসন, সাদী অখাসন পরিভ্যাগ করতঃ ভূতলে নামিয়া বসিল। এবং অন্ত্র শস্ত্র সকল রাশীকৃত করিয়া একত্রে রণক্ষেত্রোপরি রাখিল। বীরবর হেক্টর ছইজন জ্বতগামী স্বচভুর কর্মদক দূঁতকে ছইটী মেষশাবক আনিতে ও মহারাজের আহ্বানাথে নগরা-ভিমুখে প্রেরণ করিলেন। রাজচক্রবর্তী আগেমেম্নন্ সদলস্থ একজন দূতকে তৃতীয় মেষশাবক আনিবার জন্য স্বশিবিরে পাঠাইলেন।

দেবকুলালয় হইতে দেবকুলদূতী ঈরীবা সোঁদামিনী—
গতিতে দ্রয়নগরে আবিভূতা হইলেন, এবং রাজা প্রিয়ামের
ছহিত্-কুলোত্তমা লব্ধিকার রূপ ধারণ করিয়া দেবী হেলেনী
স্থানরীর স্থার মন্দিরে প্রবেশিয়া দেখিলেন, যে রূপনী সখীদলের মধ্যে শিশ্প-কর্মে নিযুক্তা আছেন। ছঅবেশিনী পায়লোচনাকে ললিত বচনে কহিলেন, সথি হেলেনি! চল,
আমরা ছজনে নগর-তোরণ-চূড়ায় আরোহণ করিয়া রণক্ষেত্রের অদ্ভূত ঘটনা অবলোকন করি। এক্ষণে উভয় দল
রণক্ষেত্রে রণভরঙ্গ বহাইতে ক্ষান্ত পাইয়াছে; রণনিনাদ শাস্ত
হইয়াছে; কেবল স্থাপ্রিয় মানিল্যুদ এবং দেবাক্ষতি স্থানরন বীর স্থানর, এই ছই বীর পারস্পার ছরন্ত কুণ্ডু মুদ্ধে প্রবৃত্ত হইবে। তুমি, সথি, বিজয়ী পুক্ষের পুরস্কার।

দেবীর এইরূপ কথা শুনিয়া রুশোদরী হেলেনীর পূর্ব্ব কথা স্মৃতিপথে আরু ইইল। এবং তিনি পরিত্যক্ত পতি, পরিত্যক্ত দেশ, এবং পরিত্যক্ত জনক জননীকে স্বরণ করিয়া অঞ্চজলে অস্কপ্রায় ইইয়া উঠিলেন। কিঞ্চিৎ পরে শোক সম্বরণ পূর্ব্বক এক শুভ্র ও স্থন্ম অবগুঠিকা দ্বারা শিরোদেশ আচ্ছোদন করিয়া ননদিনী লব্বিকার অনুগামিনী ইইলেন। স্থনে রা অতী ও বরাননা ক্রিমেনী এই ছইজন পরিচারিকামাত্র পশ্চাতে পশ্চাতে চলিল। উভয়ে ক্ষিয়ান নামক নগর-ভোরণ-চূড়ায় চড়িলেন। সে স্থলে বৃদ্ধ-রাজ প্রিয়াম বয়সের আধিক্য প্রযুক্ত রণকার্য্যাক্ষম বৃদ্ধ মন্ত্রীদলের সহিত আসীন ছিলেন।

শচীববৃন্দ দূর হইতে হেলেনী স্থন্দরীকে নিরীক্ষণ করিয়া পরস্পর কহিতে লাগিলেন; এতাদৃশী রূপসী রমণীর জন্য যে বীর পুরুষেরা ভীষণ রণে উন্মন্ত হইবে, এবং শোনিত-স্রোতে দেবী বস্থমতীকে প্লাবিত করিবে, এ বড় বিচিত্র নহে। আহা! নরকুলে এরপ বিশ্ববিমোহনরপ, বোধ হয়, আর কুত্রাপি দৃষ্টিগোচর হইতে পারে না। তথাপি পরমপিতা পরমেশ্বের নিকট আমাদের এই প্রার্থনা যে, এ বিশ্বরমা বামা যেন এ নগর হইতে অতি ত্বরায় অন্যত্র চলিয়া যায়। মন্ত্রীদল অতি মৃত্র্সরে বার্ষার এই কথা কহিতে লাগিলেন।

রাজা প্রিয়াম্ হেলেনী স্থন্দরীকে স্বোধিয়া স্থেহ বচনে এই কথা কহিলেন, বংসে! তুমি আমার নিকটে আইয়। আর এই যে রণস্বরূপ বিপজ্জালে এ রাজবংশ পরিবেন্টিত হইয়াছে, তুমি আপনাকে ইহার মূলকারণ বলিয়া ভাবিও না। এ দ্র্ঘটনা আমারই ভাগ্যদোষে ঘটয়াছে। ইহাতে ভোমার অপরাধ কি? তুমি নির্ভয় চিতে আমার নিকটে আসিয়া প্রীক্দলস্থ প্রধান প্রধান নেত্-দলের পরিচয় প্রদানে আমাকে পরিতয় কর।

এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া রাণী হেলেনী রণক্ষেত্রের প্রতি দৃষ্টি নিক্ষেপ করতঃ রাজকুলপতি রন্ধরাজ প্রিয়ামের নিক্টবর্ত্তিনী হইয়া তাঁহাকে বীরপুক্ষদলের পরিচয় দিতেছেন, এমত সময়ে বীরবর হেক্টর-প্রেরিত দূভেরা তথায় উপস্থিত হইয়া কহিল, হে নরকুলপতি, হে বাহ্বলেন্দ্র, আপনাকে একবার রগস্থলে শুভাগমন করিতে
হইবেক। কেননা, উভয় দল এই স্থির করিয়াছে যে, তাহারা
পরস্পর রণে প্রবৃত্ত হইবে না। কেবল মহেদাস মানিল্যুস
ও আপনার দেবাক্ষতি পুত্র স্থন্দর বীর ক্ষন্দর এই ছই জনে
দন্দ রণ হইবে। আর এ রণীদ্বয়ের মধ্যে যে রণী বাহ্বলে
বিজয়ী হইবেন, সেই রণী এ হেলেনী স্থনীরকে লাভ করিবেন। এক্ষণে তাহাদের এই বাঞ্ছা, যে আপনি এ সন্ধিজনক প্রস্তাবে সন্মতি প্রদান করেন। আর শপথপূর্ব্বক
এই বলেন, যে আপনি আপনার এ অস্বীকার রক্ষা করিবেন।

বৃদ্ধরাজ প্রিরাম্ প্রিয়তম পুত্র-প্রেরিত দূতের এই কথা শুনিয়া চকিত ও চমংকৃত হইলেন, এবং রাজরুথ সুসজ্জিত করিয়া যুদ্ধক্ষেত্রাভিমুখে যাত্রা করতঃ অতিত্বরায় তথায় উপস্থিত হইলেন। রাজচক্রবর্তী আগেমেম্নন্ প্রথমে রাজা প্রিয়ামের প্রতি যথাযোগ্য সন্মান ও সম্ভ্রম প্রদর্শন করিয়া পরে যথাবিধি দেবপজার আয়োজন করিলেন। এবং হস্ত তুলিয়া উচ্চিঃস্বরে কহিতে লাগিলেন, হে দেবকুলেন্দ্ৰ! হে অসীম শক্তিশালী বিশ্বপিতঃ! হে मर्खनभी धारुख ति ! (इ नन्कूल ! (इ गांछः तन्न-ম্বরে! হে পাতাল-ক্ত-বসতি নরক-শাসক দেবদল! যাঁহারা পাপাত্মাদিগকে যথাযোগ্য দও দিয়া থাকেন। হে দেবকুল! তোমরা সকলে সাক্ষী হও, আর আমার এই প্রার্থনা শুন, যে এ ছল্ব রণ সম্পর্কে যাহারা কুটাচরণ করিবে, তোমরা পরকালে তাহাদিগকে প্রতারণা-রূপ পাপের যথোচিত দও দিবে ৷

রাজা এই কহিয়া অসিকোষ হইতে অসি নিক্ষোষ করিয়া পূজা সমাপনান্তে মেষশাবক সকলকে যথাবিধি বলি প্রদান করিলেন। এই রূপে পূজা সমাপ্ত হইল। পরে বৃদ্ধরাজ প্রিয়াম রাজচক্রবর্তী আগেমেম্নন্কে সম্বোধন করিয়া কহিলেন, হে রথীকুলপ্রেষ্ঠ! আপনি এ রণস্থলে আর বিলম্ব করিতে আমাকে অনুরোধ করিবেন না। রণরক্ষে বৃদ্ধ ও ফুর্বলে জনের কোনই মনোরঙ্গ জন্মে না। এই কহিয়া রাজা স্বথানে আরোহণ পূর্বক নগরাভিমুখে গমন করিলেন।

মহাবীর ভাষর-কিরীটী হেক্টর ও স্থবিজ্ঞ অদিস্থাস্ এই ছুইজন উভয় জনের রণ করণার্থে রঙ্গভূমিস্বরূপ এক श्वान निर्मिष्ठे कतिया भिल्लन। महावाङ् स्मन्त वीत स्नम्त ध কালাহবের নিমিত সুসজ্জ হইলেন। তিনি প্রথমতঃ সুচাৰু উৰুত্ৰাণ রজত কুড়ুপে বন্ধন করিলেন, উরোদেশে হুর্ভেন্য উরস্ত্রাণ ধরিলেন, কক্ষদেশে ভীষণ রজতময়-মুফি অসি ঝুলিল। পৃষ্ঠদেশে প্রকাও ও প্রচও ফলক শোভা পাইল। মস্তক প্রদেশে স্থাঠিত কিরীটোপরি অশ্বকেশনির্দাত চূড়া ভয়ক্ষররূপে লড়িতে লাগিল। দক্ষিণ হস্তে নিশিত কুস্ত ধৃত হইল। রণপ্রিয় বীর-প্রবীর মানিল্যুসও ঐ রূপে স্লেজ , इहेलन। (क य अर्था कुख निक्ति कतित, धह विषय গুটিকাপাতে প্রথম গুটিকা স্থন্দর বীর ক্ষন্দরের নামে উচিল। পরে বীরসিংহদ্বর পূর্ক নির্দিষ্ট স্থানে উপনীত হইলেন। ভাবী ফল প্রত্যাশায় উভয় দলের রসনাসমূহ নিক্দ্ধ হইল বটে; কিন্তু ভত্রাচ নয়ন সকল উন্মীলিত হইয়া রহিল।

দেবাকৃতি স্থানরবীর ক্ষান্তর রিপুদেহ লক্ষ্য করিরা হুহুস্কার শব্দে কুম্বনিক্ষেপ করিলেন। অন্ত্র উল্কাগতিতে চতুর্দ্দিক

আলোকময় করিয়া বায়ুপথে ঢলিল; কিন্তু মানিল্যুসের ফলক-প্রতিঘাতে ব্যর্থ হইয়া ভূতলে পড়িল। ফলকের দৃঢ়তা ও কঠিনতায় অন্ত্রের অগ্রভাগ কুঠিত হইয়া গেল। পরে ক্ষন্দপ্রিয় বীরকুলেন্দ্র মানিল্যুদ স্বকুস্ত দৃঢ়রূপে ধারণ করতঃ মনে মনে এই ভাবিয়া দেবকুলপতির সন্নিধানে প্রার্থনা করিলেন যে, হে বিশ্বপতি! আপনি আমাকে এই প্রসাদ দান কৰুন যে, আমি যেন এই অধর্মাচারী রিপুকে রণস্থলে সংহার করিতে পারি; তাহা হইলে, হে ধর্ম্যূল, ভবিষ্যতে আর কখন কোন অধর্মাচারী অতিথি কোন ধর্মপ্রিয় আতিথেয় জনের অনুপকার করিতে সাহ্য করিবে না। এইরূপ প্রার্থনা कतिया वीतरकभती मोर्चऋाय खकुछ निरक्षण कतिरलन। অত্র মহানেগে প্রিয়াম্পুত্রের দীপ্তিশালী ফলেকোপরি পড়িয়া স্বলে দে ফলক ও তৎপরে বীরবরের উরস্ত্রাণ ভেদ করিলে তিনি আত্মরকার্থে সহসা এক পার্খে অপসৃত হইয়া দাঁড়।ইলেন। পারে মহেয়াস মানিল্যুস সরোবে রিপু-শিরে প্রচণ্ড খণ্ডাঘাত করিলেন। স্থন্দরবীর ক্ষন্দর ভীম-প্রহারে ভূমিতলে পতিত হইলেন। কিন্তু রণমুকুটের কঠিন-তায় খণ্ডা শত খণ্ড হইয়া ভগ্ন হইয়া গেল। বীরশ্রেষ্ঠ পতিত রিপুর কিরীটচূড়া ধরিয়া মহাবলে এমত আকর্ষণ করিলেন, করিতে লাগিল।

এই রূপে জিফু মানিল্যুদ ভূপতিত রিপুকে আকর্ষণ করি-তেছেন, ইহা দেখিয়া দেবী অপ্রোদীতী অগোরব বর্দ্ধক জনের কাতরতায় অতীব কাতরা হইয়া সেই বন্ধন মোচন করিলেন। স্থতরাং মানিল্যুদের হস্তে কেবল শিরস্তাণ মাত্র অবশিষ্ট রহিল। বীরবর অতি ক্রোধভরে কিরীটি দূরে নিক্ষেপ করিয়া কুন্তাঘাতে রিপুকে যমালয়ে প্রেরণার্থে ধাবমান হই-লেন। দেবী অপ্রোদীতী প্রিরপাত্তের এ বিষম বিপদ উপ-ছিত দেখিবামাত্র তাহাকে এক ঘন মায়াঘনে পরিবেফিত করতঃ বাহুদ্বয়ে ধারণ পূর্কক শূন্যমার্গে উচিয়া সোদামিনী-গতিতে নগর মধ্যে স্কর্ব-নির্মিত হর্ম্যে কুস্তম-পরিমল-পূর্ব শয়নাগারে শয্যোপরি প্রেয় বীরকে শয়ন করাইলেন।

এ দিকে ভ্বনমোহিনী রাণী হেলেনী ভোরণচূড়ার দাঁড়াইরা রণক্ষেত্রের দিকে নিরীক্ষণ করিয়া রহিয়াছেন, এমত সময়ে দেবী অপ্রোদীতী স্থনেত্রার ধাত্রীর রূপ ধারণ করতঃ আপন হস্ত দারা তাঁহার হস্ত স্পর্শিয়া কহিলেন, বংসে! তোমার মনোমোহন স্থান বীর ক্ষানর তোমার বিরহে অধীর হইয়া তোমার কুস্থময় বাদর ঘরে বরবেশে ভোমার অপেক্ষা করিতেছেন। তাঁহাকে দেখিলে, ভোমার এরপ বোধ হইবেনা, যে তিনি রণহল হইতে প্রত্যারত। বরঞ্চ তুমি ভাবিবে, যে তিনি যেন বিলাদীবেশে নৃত্যশালায় গমনোমুখ হইরা রহিয়াছেন।

হেলেনী সুন্দরী দেবীর এই কথা শুনিয়া চকিতভাবে কথিকার দিকে দৃষ্টি ক্ষেপণ করিয়া তাঁহার অলোকিক রূপ লাবণ্যের বৈলক্ষণ্যে বুঝিতে পারিলেন, যে তিনি কে। পরে সমন্ত্রমে কহিলেন, দেবি, আপনি কি পুনরায় এ হতভাগিনীকে মায়ায় মুদ্ধ করিয়া নব যন্ত্রণা দিতে মন্ত্রণা করিয়াছেন। আনন্দময়ী অপ্রোদীতী ইন্দীবরাক্ষীর এইরূপ বাক্যে অদৃশ্য-ভাবে তাহাকে ক্ষন্দরের স্থন্দর মন্দিরে উপনীত করিলেন। বীরবর কুমুমময় কোমল শয্যায় বিশ্রাম লাভ করিতেছেন,

এমত সময়ে রাজী হেলেনী তৎসন্নিধানে দেবদন্ত অংশীনে আসীন হইয়া মুখ ফিরাইয়া এই বলিয়া তিরন্ধার করিতে লাগিলেন, হে বীর কুলকলঙ্ক ! তুমি কেন যুদ্ধন্থল হইতে ফিরিয়া আসিয়াছ ? আমার রণপ্রিয় পূর্ব্বপতি মহেম্বাস মানিল্যুদের হন্তে তোমার মৃত্যু হইলে ভাল হইত । যখন প্রথমে আমাদের এই কুলক্ষণা প্রীতির সঞ্চার হয়, তখন তুমি যে সব আত্মশ্লাঘা করিতে, এখন তোমার সে সব আত্মশ্লাঘা কোথায় গেল ? এখন তুমি কি সে সব অহকারগর্ভ অঙ্গীকার এই রূপে স্থেমত করিতেছ ? মহেম্বাস মানিল্যুদের সহিত তোমার উপমা উপমেয় ভাব কখনই সম্ভব হইতে পারে না।

সুন্দর বীর ক্ষন্দর প্রাণপ্রিয়াকে এইরূপ রোষপারবশ দেখিয়া সুমধুর ও প্রবোধ-বচনে কহিলেন, হে বিশ্ব-বিনোদিনি! ভোমার স্থাকর স্বরূপ বদন হইতে কি এ রূপ বিষরূপ প্রানির উৎপত্তি হওয়া উচিত? ছুট মানিল্যুদ এ যাত্রায় বাঁচিল বটে; কিন্তু যাত্রাস্তরে কোন না কোন কালে আমার হস্তে যে তাহার মৃত্যু হইবে, তাহার আর কোনই সন্দেহ নাই। এই কহিয়া বীরবর সোহাগে ও সাদরে ক্রোদারীর কোমল করকমল নিজ করকমল দারা গ্রহণ করিলেন।

সমরান্তে তুর্ত্ত মানিল্যুস বিন্দীশন ক্ষুৎক্ষামকণ্ঠ বন পশুর ন্যায় রণস্থলে ইতস্ততঃ পরিভ্রমণ করতঃ সকল-কেই জিজ্ঞাসা করিতে লাগিলেন, হে বীরব্রজ! ভোমরা কি জান, যে ছুইমতি কাপুক্ষ ক্ষন্দর কোন্ স্থানে লুকা-রিত আছে? কিন্তু কেহই সেই রণস্থল পরিত্যাগীর কোন বার্তা শৈরিল না। পরে রাজচক্রবর্তী আদিনেম্নন্ অপ্রসর হইয়া উচ্চিঃম্বরে কহিলেন, হে বীরদল! তোমারা ত সকলেই অচক্ষে দেখিতেছ, যে ক্ষন্দপ্রিয় মানিল্যুস সমরবিজয়ী হইয়াছেন। অত্পব প্রথন শপথানুসারে মৃগাক্ষী হেলেনী সুন্দরীকে ফিরিয়া দেওয়া বিপক্ষ পক্ষের সর্কভোভাবে কর্ত্তব্য কি না? সৈন্যাধ্যক্ষের এই কথা প্রবণ মাত্র প্রীক্ষেধদল অভিমাত্র উল্লাসে জয়প্রিমিয়া উচিল। মর্ত্ত্যে এই রূপ হইতে লাগিল।

অমরাবভীতে দেব-দেবী-দল দেবেন্দ্রের স্থবর্ণ অউালিকায় রত্নতিত সভায় অর্ণাসনে বসিলেন। অনস্ত্রেবিনা দেবী হীরী স্বৰ্ণাত্রে করিয়া সকলকেই স্থােয় অমৃত যােগাইতে লাগিলেন। আনন্দময়ী স্থাপান করতঃ সকলেই টুয়নগরের দিকে একদৃষ্টে দৃষ্টি নিক্ষেপ করিতেছেন, এমত সময়ে দেব-কুলেন্দ্রাণী বিশালাক্ষী হীরীকে বিরক্ত করিবার মানদে দেবকুলেন্দ্র এই প্লানিজনক উক্তি করিলেন, কি আশ্চর্য্য! এই অমরাবভী-নিবাসিনী ছুইজন দেবী যে বীরবর মানিল্যসের সহকারিতা করিতেছেন, ইহা সর্ব্ধ র বিদিত। কিন্তু আমি দেখি-তেছি, যে দূর হইতে রণকোঁ ভূহল দর্শন ভিন্ন ভাষারা আর অন্য কিছুই করিভেছেন না। কিন্তু দেখ, স্থানর বীর ক্ষাদরের হিতৈষিণী পরিহাসপ্রিয়া দেবী অপ্রোদীতী আপনার আশ্রিত জনের হিভার্থে কি না করিতেছেন। হে দেব-দেবী-বৃন্দ! তোমরা কি দেখিলে না যে, দেবী বহু ক্লেশ স্বীকার করিয়া ভাষাকে রণক্ষেত্রে আসন্ন মৃত্যু হইতে রক্ষা করিলেন।

স্বন্ধ্রিয় রথীশ্বর মানিল্যুস যে রণে জরলাভ করিয়াছেন, তাহার আর অণুমাত্রও সংশয় নাই। অতএব আইস,সম্প্রতি আমরা এই বিষয় বিশেষ অনুধাবন করিয়া দেখি, যে হেলেনী স্থন্দরীকে দিয়া এ রণাগ্নি নির্স্কাণ করা উচিত, কি এ সন্ধি ভঙ্গ করাইয়া, সে রণাগ্নি যাহাতে দ্বিগুণ প্রজ্বলিত হইয়া ট্যুনগর অকমাৎ ভত্মসাৎ করে তাহাই করা কর্ত্তব্য।

উতাচতা দেবকুলেন্দ্রাণী হীরী এইরূপ প্রস্তাবে রোষদগ্ধ প্রায় হইয়া কহিলেন, হে দেবেক্র! তুমি এ কি কহিতেছ? যে জঘন্য নগর বিনষ্ট করিতে আমি এত পরিশ্রম স্বীকার করিয়াছি, তুমি কি তাহা রক্ষা করিতে চাহ? মেঘশাস্তা দেবেন্দ্রও দেবেন্দ্রাণীর বাক্যে ক্রোধান্বিত হইয়া উত্তর করি-লেন, রে জিঘাংসাপ্রিয়ে, রাজা প্রিয়াম ও তাহার পুত্রগণ তোর নিকটে এত কি অপরাধ করিয়াছে, যে তুই তাহাদের নিধনদাধনে এত ব্যথ্য হইয়াছিদ্ েরে ছুটে, বোধ করি, রাজা প্রিয়াম ও তাহার সম্ভান সম্ভতির রক্ত মাংস পाইলে তুই পরম পরিতুটা হদ্! তুই কি জানিদ্ না, যে ঐ টুয়নগর আমার রক্ষিত? সে যাহা হউক, এ ক্ষুদ্র বিষয় লইয়া তোর সহিত আমার আর বিবাদ বিসম্বাদে প্রয়ো-জন নাই। তোর যাহাইচছা, তাহাই কর্। কিন্তু যেন এই কথাটী ভোর মনে থাকে যে, যদি ভোর রক্ষিত কোন नगत आिय कोन ना कोन कोल विनक्षे कतिए हारे, তখন তোর তৎসম্পর্কীয় কোন আপত্তিই কখন ফলবতী इटेर ना। श्रीताकी (प्रविश्वित (प्रतिस्त्र अहे क्रिप वाका শুনিয়া অতি স্মধুর স্বরে কহিলেন, দেবরাজ! আমার অধীনস্থ যে কোন নগর যথন তুমি নফ করিতে ইচ্ছা কর, করিও, আমি ভদ্বিষয়ে কোন বাধা দিব না। কিন্তু ভুমি এখন এইটা কর, যে যেন টুয়নগরের লোকেরা এই সন্ধি 

্দেবপতি দেবকুলেশ্বরীর অনুরোধে স্থশীলকমলাক্ষী আথে-নীকে হাস্থবদনে কহিলেন, বৎসে! তুমি রণস্থলে গিয়া দেবে-ব্রাণীর মনস্কামনা স্থাসিদ্ধ কর। যেমন অগ্নিময়ী উল্কা বিস্ফু-লিঙ্গ উদ্গীরণ করতঃ প্রনপ্থ হইতে অধােমুখে গমন করে, এবং সাগরগামী জনগণ ও রণোম্বত সৈন্য সমূহকে অমঙ্গল ঘটনারূপ বিভীষিকা প্রদর্শনপূর্বক ভূতলে পতিত হয়, দেবী দেইরূপ অতিবেগে ও ভয়জনক আগ্নেয় তেজে রুণ্যুলে সহসা অবতীর্ণা হইলেন। উভয়দল সভয়ে কাঁপিয়া উচিল। কোলাহলপুর্ন স্থলে সহসা যেন শান্তিদেবীর আবির্ভাব হইল 1 রণরসনা সহসা স্বধর্ম ভুলিরা গেল। দেবী রাজা প্রিয়ামের পরম রূপবান্পুত্ত লদ্ধকুশের রূপ ধারণ করিয়া ট্রয়দলের মধ্যে প্রবৈশ করিলেন। এবং পণ্ডর্শ নামক একজন বীরবরের অন্বেষণে ইতস্ততঃ ভ্রমণ করিয়া দেখিলেন, যে বীরেশ্বর ফলকশালী কুন্তহন্ত যোধনলে পরিবেটিত इरेग्ना এक প্রায়ভাগে দাঁড়াইয়া আছেন। ছলবেশিনী দেবী কহিলেন, কেবীরর্যভ পর্জা! তোমার যদি অক্য যশো-লাভের আকাজা থাকে, তবে তুমি স্বতৃণ হইতে তীক্ষুত্ম শর বাছিয়া লইয়া ক্ষক্তিায় মানিল্যুসকে বিদ্ধ কর।

ছলবেশিনী এই কথা কহিয়া মায়াবলে পশুর্শ বীরর্যভের মনে এইরূপ ইচ্ছাবীজও রোপিত করিয়া দিলেন।
পশুর্শ প্রচণ্ড শরাদনে গুণযোজনা পূর্বক মানিল্যুদকে
লক্ষ্য করিয়া এক মহা তেজক্ষর শর পরিত্যাগ করিলেন;
কিন্তু ছলবেশিনী অদৃশুভাবে মানিল্যুদের নিকটবর্তিনী হইয়া,
যেমন জননী করপাল সঞ্চালন দারা স্থপ্ত হইতে মশক,
কিন্তা অন্য কোন বিরক্তিজন্ত মক্ষিকা নিবারণ করেন,

সেইরপ সেই গ্রুক্থান বাণ দুরীকৃত করিলেন বটে; কিন্তু শরীরের নিম্নভাগে কিন্তুমান্ত আমাভ করিতে দিলেন। শোনিত-ভ্রোভঃ বহিলা ক্রিমারা বীরব্রের শুলুকায়ে সিন্দুর-মার্জ্জিত দ্বিরমানের নাায় লোভ প্রারণ করিল। আ অধর্ম কর্মে রাজক কর্ম্তী আনোন্মননের রোমাগ্নি প্রজ্জালত হইয়া উচিল। তিনি ক্রুক্ত বিক্রুত জাতাকে স্থানিক্রত প্রবিচক্ষণ রাজবৈদ্যের হস্তে নাস্ত করিয়া পরে বীরদলকে মহাহবে প্রবৃত্ত হইতে আজ্ঞা দিলেন। রাজব্যোধদল আস্তে ব্যস্তে বিবিধ অস্ত্র শস্ত্র প্রহালন। পুরোভাগে অর্থ ও রথারোহী জনসমূহ, পশ্চাতে পদাতিকর্ম এই তি অঙ্গ দৈন্যদল সম্ভিব্যাহারে রাজ দৈন্যাধ্যক্ষ মহোদয় রণভ্রতে ত্রতী হইলেন।

যেমন সাগরমুখে প্রবল বাত্যা বহিতে আরম্ভ করিলে ফেনচুড় ভরঙ্গনিকর পর্যায়ক্রমে গভীর নিনাদে সাগরভীর আক্রমণ করে, সেইরপ এীকযোধদল হুহুস্কার শব্দ করিয়া রণক্ষেত্রে রিপুদলকে আক্রমণ করিল। তুমুল রণ আরম্ভ হইল। ত্রাস, পলায়ন, কলহ, বধিরকর নিনাদ, দৃষ্টিরোধক ধূলারাশি, এই সকল এক রীভূত হইয়া ভয়ানক হইয়া উচিল। এক দিকে দেবকুলসেনানী ক্রম্দ, অপর দিকে স্নীলকমলাক্ষী দেবী আথেনী বীর্যাশালী বীরদলের সাহায্য করিতে লাগিলেন।

• ব্রিদেব নগরের উচ্চতম গৃহচ্ডায় দাঁড়াইয়া উৎসাহ প্রদানহৈতু উচ্চৈঃস্বরে কহিতে লাগিলেন, হে অশ্বদমী টুয়নগরস্থ বীর্থাম! তোমরা স্বসাহসে নির্ভর করিয়া মৃদ্ধ কর। থীক্যোধগণের দেহ কিছু পাবাণনির্মিত নহে। আর ও দলের চূড়ামণি বীরকুলেন্দ্র আকেলিসও এ রণস্থলে উপস্থিত নাই। সে সিন্ধুতীরে শিবিরমধ্যে অভিমানে স্থির-ভাবে আছে। তোমরা নিঃশক্ষ চিত্তে রণক্রিয়া সমাধা কর।

ট্রনগরস্থ বীরদল এইরপে দেবোৎসাহে উৎসাহাবিত হইয়া বৈরীবর্গের সমুখীন হইলে ভীষণ রণ বাজিয়া
উঠিল। ফলকে ফলকাঘাত, করবালে করবালাঘাত, হস্তা
ও মুমূর্যু জনের হুল্কার ও আর্ত্তনাদ, এই প্রকার
ও অন্যান্য প্রকার নিনাদে রণভূমি পরিপূরিত হইয়া
উঠিল। যেমন বর্ষাকালে বহু উংসগর্ভ হইতে বহু
জলপ্রবাহ একত্রে মিলিত হইয়া গভীর গিরিগহ্বরে
প্রবেশ পূর্বাক মহারবে দেশ পরিপূরণ করে; সেইরপ
ভৈরব রবে চতুর্দ্ধিক পরিপূর্ণ হইল। ভগবতী বন্ধমতী রক্তে
প্রাবিত হইয়া উঠিলেন।

## তৃতীয় পরিচ্ছেদ।

প্রীক্সৈন্যদলের মধ্যে দ্যোমিদ নামে এক মহাবীরপুরুষ ছিলেন। স্থনীলকমলাক্ষী দেবী আথেনী সহসা
তাঁহার হৃদয়ে রণগোরবের লাভেক্ছা উৎপাদিত করিয়া
দিলে বীরকেশরী ত্তৃস্কার ধ্বনি করতঃ রিপুদলাভিমুখে ধাবমান হইলেন। যেমন গ্রীষ্মকালে লুদ্ধক নামক
নক্ষ্র সাগরপ্রবাহে দেহ অবগাহন করিয়া আকাশমার্গে
উদিত হইলে, তাহার ধক্ধক্ কিরণজালে চতুর্দিক প্রজ্বলিত
হয়; সেইরপ দ্যোমিদের শিরক্ষ, ফলক, ও বশ্বসন্তুত্
বিভারাশি অনিবার বহির্গত হইতে লাগিল।

এ ছর্দ্ধর্ব ধনুর্দ্ধরকে যোধদলের কালস্বরূপ দেখিয়া দেব বিশ্বকর্মার দারেদ নামক এক জন নিভান্ত ভক্তজনের ছইজন রণপ্রিয় পুত্র রথে আরোহণ পূর্ব্ধক দিংহনাদে বাহির হইল। জ্যেষ্ঠ বীর রণছর্মদ দ্যোমিদ্কে লক্ষ্য করিয়া স্বনির্দাকার শূল নিক্ষেপ করিলেন; কিন্তু অস্ত্র ব্যর্থ হইল। বীরর্যভ দ্যোমিদ্ আপন শূল দ্বারা বিপক্ষের বক্ষঃস্থল বিদীর্ণ করিলে, বীরবর সে মহাঘাতে সহসারথ হইতে ভূতলে পতিত হইয়া কালনিকেতনে আতিথ্য গ্রহণ করিলেন। কনিষ্ঠ ভাতা জ্যেষ্ঠ ভাতার এতাদৃশী ছর্ঘটনায় নিতান্ত ভীত ও হতরুদ্ধি হইয়া সেই স্থচাকনির্দ্ধিত যান পরিত্যাগ পুরঃসর ভূতলে লক্ষপ্রদান করিয়া অতিজ্ঞতে পলায়ন-পরায়ণ হইতেছেন, ইহা দেখিয়া দ্যোমিদ্

ভাষার পশ্চাতে পশ্চাতে ভীষণ নিনাদ করতঃ ধাবমান হইলেন।

দেব বিশ্বকর্মা ভক্তপুত্রের এই ছুরবন্থা দূরীকরণার্থে তাহাকে এক মায়ামেঘে আরুত করিলেন, সুতরাং সে আর काशांत कृष्टिं पर्थ পড़िल ना। इंडावमरत रमवी आरथनी, দেবকুলসেনানী আরেসকে টুয়সৈন্যদলের উৎসাহ বর্দ্ধনার্থে ব্যপ্তভর দেখিয়া দেবযোধবরকে সম্বোধিয়া উচ্চিঃম্বরে কহি-লেন; আরেস্ আরেস্. হে জনকুলনিধন! হে রক্তাক্ত তা-বিলাসি! হে নগর-প্রাচীর-প্রভঞ্জক! এ রণক্ষেত্রে ভাই, আমা-দের কি প্রয়োজন ? চল. আমরা হুজনে এস্থান হইতে প্রস্থান করি। বিশ্বপতি দেবকুলেন্দ্র, যে দলকে তাঁহার ইচ্ছা হয়, জয়ী কৰুন। এই কহিয়া দেবী দেবযোধবরের হস্তধারণ পূর্ব্বক রণক্ষেত্র নিকটস্থ স্থামন্দর নামক নদবরের দূর্ব্বা-দলশ্যাম তটে বিশ্রাম্-লাভ বাসনায় বসিলেন। রণস্থলে রণ-তরঙ্গ ভৈরব রবে বহিতে লাগিল। রাজচক্রবর্তী আগো-মেম্নন্ প্রভৃতি মহাবিক্রমশালী বীরপুরুষেরা বহুসংখ্রু तिशुक्त भराख कतिया अकाल यमानस्य ध्यंतन कतिलन। কিন্তু রণছর্মদ দ্যোমিদ্ পরাক্রম ও বাহুবলে সর্কোপরি বিরাজমান হইলেন।

যেমন কোন নদ পর্বতজাত জ্রোতসমূহের সহকারে পুষ্ট-কায় হইয়া প্রবল বলে দৃঢ়নির্দ্মিত দেতুনিকর অধঃপাত করতঃ বহুবিধ কুস্কম ও শস্তাময় ক্ষেত্রের
আবরণ ভঞ্জন করে, এবং সমুখ-পতিত বস্তু সকল স্থানাস্তুরিত করতঃ ছুর্ঝার গতিতে সাগরমুখে বহিতে থাকে;
সেইরূপে রণ্ছর্মাদ দ্যোমিদ্ মহাপরাক্রমশালী জনগণকে

সমরশায়ী করিয়া বিপক্ষপক্ষের রূছে অবার বলে প্রবেশ করিলেন। প্রচণ্ড ধন্বী পশুর্শ রণছ্মাদ দ্যোমিদ্কে রণমদে প্রমন্ত দেখিয়া, এ ছুদান্ত শূলীকে দান্ত করিতে নিতান্ত. উৎস্ক হইলেন। এবং ভীষণ শরাসনে গুণ যোজনা করিয়া এক তীক্ষুতর শর তছদেশে নিক্ষেপিলেন। ভীষণ অশ্নি-সদৃশ বাণ রণত্ব্দি দ্যোমিদের কবচ-চ্ছেদ্ন করতঃ দক্ষিণকক্ষে প্রবিষ্ট হইলে, সহসা শোণিত নিঃসরণে জ্যোতির্দায় বর্দা বিবর্ণ হইয়া উচিল। পশুর্শ সহবে চীৎকার করিয়া কহিলেন, হে বীরবুন্দ! ভোমরা উল্লাসিত চিত্তে অগ্রসর হও; কেন না, আমি বোধ করি, গ্রীক্দলের বলীশ্রেষ্ঠ যে শূর, সে আমার শরে অন্য হতপ্রায় হইয়াছে। কিন্তু বীরর্যভ পণ্ডর্শের এ প্রগল্ভ-গর্ত্ত বাক্য পণ্ড হইল। দেবী আথেনীর রূপায় রণজ্মদ দ্যোমিদ্ সে যাত্রায় নিস্তার পাইয়া পুনঃ যুদ্ধারম্ভ করিলেন। যেমন কুপাতুর সিংহ মেষপালকের অস্ত্রাঘাতে নিরস্ত না হইয়া ভীমনাদে লক্ষ্য দিয়া মেষার্শ্রমে প্রবৈশ করে, এবং সে স্থলস্থ, ভয়ে জড়ীভূত, অগণ্য মেষসমূহের মধ্যে যাহাকে ইচ্ছা, তাহা-क्टि यथ करत ; म्हिन्न त्राध्या प्राधिन रेवतीनलरक नाभिए लागिलन।

ট্ররনগরস্থ বীরকুলচূড়ামণি এনেশ দৈন্য-মণ্ডলীকে লওভও দেখিয়া বীরেশ্বর পশুর্শকে আহ্বান করিয়া কহিলেন, হে বীরকুলতিলক! তুমি আদিয়া অতি ত্বরার আমার এই রথে আরোহণ কর। চল, আমরা উভয়ে এই রণহর্মাদ দ্যোমিদ্কে রণে মর্দ্দন করিয়া চিরবশসী হই। পরে বীরদ্বয় এক রথোপ্রি আরুচ হইলে, বীরেশ এনেশ অশ্বরশ্মি ধারণ করতঃ সারথ্যকার্য্য সমাধা করিতে লাগিলেন। বিচিত্র রথ অতিবেগে চলিল। রণ্ডর্মাদ দ্যোমিদের স্থিনিল্যুস নামক এক প্রিয়সথা কহিলেন, সথে দ্যোমিদ! সাবধান হও। ঐ দেখ, তুই জন দৃঢ়কপৌ বীরবর এক যানে আরুঢ় হইয়া ভোমার নিধন-সাধনার্থে আসিতেছেন। এক জনের নাম বীরকুলপতি পশুর্শ। অপার জন স্থব্য বীর আঙ্কিশের প্রসেহাস্যপ্রিয়া দেবী অপ্রোদীতীর গর্ভে জন্ম গ্রহণ করিয়া এনেশাখ্যায় বিখ্যাত হইয়াছেন। অতএব, হে সথে, ভোমার এখন কি কর্ত্ব্য, ভাহা স্থ্যির কর!

স্থাব্যের এই কথা শুনিয়া রণছ্ম্মিদ দ্যোমিদ উত্তরিলেন, স্থে, অন্য আর কি কর্ত্তব্য! বাহুবলে এ বীরদ্বয়কে শ্মন-ভবনের অতিথি করাই কর্ত্তব্য!

বিচিত্র রথ নিকটবর্তী হইলে, পণ্ডশু সিংহনাদে রণছর্মদ দ্যোমিদ্কে কহিলেন, হে সাহসাকর রণপ্রিয় দ্যোমিদ্!
আমার বিছাৎগতি শর তোমাকে যমালরে প্রেরণ
করিতে অক্ষম হইয়াছে বটে; কিন্তু দেখি, এক্ষুণে আমার এ
শূল তোমার কোন কুলক্ষণ ঘটাইতে পারে কি না? এই কহিয়া
বীরসিংহ দীর্ঘ কুন্তু আফালন করতঃ তাহা নিক্ষেপ করিলেন। অস্ত্র প্র্মাদ দ্যোমিদের ফলক ভেদ করিয়া কবচ
পর্যান্ত প্রবেশ করিল। ইহা দেখিয়া পণ্ডশ কহিলেন,
হে দ্যোমিদ্! নিশ্চয় জানিও, যে এইবার তোমার আসম
কাল উপস্থিত। কেন না, আমার শূলে তোমার কলেবর
ভিন্ন হইয়াছে। রণজ্মদ দ্যোমিদ্ কহিলেন, হে স্কধন্বি, এ
তোমার ভান্তিমাত্র। তোমার লক্ষ্য ব্যর্থ হইয়াছে। এখন

যদি ভোঁমার কোন ক্ষমতা থাকে, তবে তুমি আমার এ শূলা-ঘাত হইতে আত্ম-রক্ষা করিবার চেন্টা পাও। এই কহিয়া বীরবর স্থামি শূল পরিত্যাগ করিলেন।

দেবী আথেনীর মায়াবলে ভীষণ অন্ত্র প্রচণ্ড কোদণ্ড-ধারী পাওশের চক্ষুর নিমভাগ ভেদ করিয়া চক্ষুর নিমিষে বীরবরের প্রাণ হরণ করিল। বীরবর রথ হইতে ভূতলে পড়িলেন। বহুবিধ রঞ্জনে রঞ্জিত তাহার জ্যোতির্মায় বর্ম ঝন্ ঝন্ করিয়া বাজিয়া উচিল। বীর সখা পশুর্মের এই ছুরবস্থা সন্দর্শন করিয়া নরেশ্বর এনেশ তাহার মৃতদেহ রক্ষার্থে ফলক ও শুল গ্রহণ পূর্ব্বক ভূতলে লক্ষ দিয়া পডিলেন। রণতুর্মান দ্যোমিদ্ এক প্রাশন্ত প্রান্তর-খও, যাহা অধুনাতন ছইজন বলীয়ান্ পুক্ষেও স্থানান্তর করিতে পারে না, অতি সহজে উঠাইয়া এনেশকে লক্ষ্য করিয়া নিক্ষেণ করিলেন। এনেশ বিষমাঘাতে ভগ্নোক হইয়া রণক্ষেত্রে পড়িলেন। এনেশের শেষাবস্থা উপস্থিত হই-वात উপক্রম হইতেছে, এমন সময়ে দেবী অপ্রোদীতী প্রিয়পুত্রের এভাদৃশী ছুরবস্থা দর্শন করিয়া হাহাকার ধানি করিতে লাগিলেন, এবং আপানার স্থকোমল সুখেত বাহুদ্বয় দারা তাহাকে আলিঙ্গন পূর্বক আপনার রশ্মিশালী পরিচ্চদে ভাহার দেহ আচ্ছাদিত করিয়া ক্ষত পুত্রকে রণভূমি হইতে দূরস্থ করিলেন।

রণতুর্মাদ দ্যোমিদ্ দেবী আথেনীর বরে দিব্য চক্ষুঃ পাইয়াছিলেন, স্কুতরাং তিনি কোমলাঙ্গী দেবী অও্থো-দীতীকে দেখিয়া চিনিতে পারিলেন। এবং তাহার পশ্চাতে ২ ধাবমান হইয়া মহারোষ্ভরে তাহার স্কোমল হস্ত তীক্ষাথ্য শূল দ্বারা বিন্ধন করিলেন, এবং কহিলেন, হে দেবপতি-ছহিতে! তুমি এ রণস্থলে কি নিমিত্ত আদিয়াছিলে? রণরঙ্গ তোমার রঙ্গ নহে। অবলা দরলা বালাকুলকে কুলের বাহির করাই তোমার উপযুক্ত রঙ্গ! অতএব তোমার এ স্থানে আদা ভাল হয় নাই। তুমি এ স্থান হইতে প্রস্থান কর।

বিষমাঘাতে ব্যথিত হইয়া দেবী পুত্রবরকে ভূতলে নিক্ষেপ করিলে, বিভাবস্থ রবিদেব বীরেশ এনেশকে অসহায় দেখিয়া তাহার প্রাণ রক্ষার্থে তাহাকে এমত এক ঘন ঘন দারা আরুত করিলেন, যে কেহই তাহাকে দেখিতে পাইল না এবং কোন জ্বগামী অখারোহী এীক আসিয়াও তাহার প্রাণ বিন্ত করিতে সমর্থ হইল না। জভগায়িনী দেবদূভী ঈরীশা দেবী অপ্রোদীতীর হস্ত ধারণ করিয়া তাহাকে দৈন্য-দলের বাহিরে লইয়া গেলেন। স্ব-স্ক্রীর নয়ন-রঞ্জন বর্ণ বিবর্ণ হইয়া উঠিল। রণক্ষেত্রের সল্লিখানে দেবকুল-সেনানী আারেস স্বামন্ত্র নদ-তীরে আপন অশ্ব ও অস্ত্রজাল মায়া-व्यक्तकारत व्यक्तकांतावृ क कतिया ययः (म स्राम्य विभयाहित्नन, ক্ষতার্ভা দেবী অপ্রোদীতী ভূতলে জারুদ্বয় নিপাতিত করিয়া দেবদেনানীকে কাতর বচনে কহিলেন; হে ভাতঃ! यদি তুমি ভোষার এ ক্লিফা ভগিনীকে ভোষার ঐ জভগতি রথ খানি দাও, ভাহা হইলে দে তৎসহকারে অতি ত্রায় অমরাবভীতে উত্তীর্ণ হইতে পারে। দেখ, নিষ্ঠুর ছদান্ত রণছর্মদ দ্যোমিদ্ শূলাঘাতে আমাকে বিকলা করিয়াছে।

দেবদেনানী ভগিনীর এতাদৃশী প্রার্থনার প্রার্থনাদ হইলে, দেবদূতী ঈরীশা তৎক্ষণাৎ আস্তে ব্যক্তে ক্ষতা দেবী অপ্রোদীতীকে সঙ্গে লইয়া উভয়ে এক রধারোহণে অমরাবতীতে চলিলেন। তথায় উপস্থিত হইয়া পরিহাস-প্রিয়া স্বজননী দেবী দ্যোনীর পদতলে কাঁদিয়া কহিলেন, হে জননি! দেখুন, রণত্র্মাদ দ্যোমিদ আমাকে কি যন্ত্রণা না দিয়াছে। হায়, মাতঃ! আমি প্রিয়পুত্র এনেশের রক্ষার্থে কুক্ষণে রণক্ষেত্রে পদার্পণ করিয়াছিলাম, তাহা না হইলে আমাকে এ ক্রেশভোগ করিতে হইত না। দেবী দ্যোনী ছহিতার অসহ্য বেদনার উপশম করণ মানসে নানা উপায় করিতে লাগিলেন।

তদনন্তর দেবকুলেন্দ্র হেমাঙ্গিনী অঞ্চনাকুলারাধ্যাকে স্থাস্য বদনে কহিলেন, হে বংসে! এতাদুশ কর্ম তোমার শোভা পায় না। রণকর্ম তোমার ধর্ম নহে। স্ত্রীপুরুষকে প্রেমশৃত্বালে আবদ্ধ করা, এবং শুভ বিবাহে দম্পতী-দলকে স্থ্যাগরে মগ্ন করা, এই সকল ক্রিয়াই ভোমার প্রাক্ত জিয়া বটে! কিন্তু ক্রুর স্থাম-সংক্রান্ত কর্মে ভোমার ও কোমল হস্তক্ষেপ করা কখনই উচিত নহে। সে সকল কর্মে সেনানী আরেস ও রণপ্রিয়া আথেনী নিযুক্ত থাকুক। অমরাবর্তীতে এইরূপ কথোপকথন হইতে লাগিল। মর্ত্তে রণক্ষেত্রে রণছ্ম্মদ দ্যোমিদ বিভাবস্থ রবিদেবকে অবহেলা করিয়া বীরেশ এনেশ্কে মারিতে চলিলেন। ইহা দেখিয়া দিনপতি প্ৰুষ বচনে কহিলেন, রে মূঢ়! जूरे कि अभन्न भन्न जूना ज्वान कतिम्? नन-इर्मान দোমিদ্ দেববরকে রোষপারবশ দেখিয়া শক্ষাকুলচিত্তে পশ্চাদাামী হইলে, এহকুলেন্দ্র জানশুন্য এনেশ্কে অনতি-দূরে স্বমন্দিরে রাখিলেন। তথায় ছুই জন দেবী আবি-

ভূতা হইয়া বীরেশের শুক্রাবি করিতে লাগিলেন। এদিকে রবিদেব মায়াকুহকে বীরেশ এনেশের রূপ ধারণ করিয়া রণস্থলে রণিতে লাগিলেন। সেনানী আরেসও ট্রয় নগরস্থ সেনাদলকে যুদ্ধার্থে উৎসাহ প্রদানিতে প্রবৃত্ত হইলেন।

ইতিমধ্যে দেবীদ্বয়ের শুশ্রাষায় বীরেশ্বর এনেশ কিঞ্চিৎ স্থ্তা ও সবলতা লাভ করিরা পুনরায় রণক্ষেত্রে উপস্থিত इरेलन, এবং অনেকানেক বিপক্ষপক্ষ রথীদলকে ভূতল-শায়ী করিলেন ৷ বীর-চূঁড়ামণি হেক্টর সপীদন নামক বীরের পরামশে রণস্থলে পুনঃ দৃশ্যমান হইলেন। টুয় নগরস্থ সেনা বীরবরের ভভাগমনে যেন পুনজ্জীবন পাইয়া মহাকোলা-इल भक्कपनरक जाक्रमन कतिन। धीक्पन तिश्रपन-পাদোশিত গুলায় ধূষরিত হইয়া উঠিল। বীরচুড়ামণি হেক্টর সিংহনাদ করতঃ সদৈন্যে যুদ্ধারম্ভ করিলেন। সেনানী আরেস্ ও উগ্রচণা দেবী বেলোনা বীরবরের সহায় হইলেন। দেনানী ক্ষম কখন বা অরিন্দমের অগ্রে কখন বা পশ্চাতে অবস্থিতি করিতে লাগিলেন। রণত্র্মদ দ্যোমিদ্ বীরচুড়ামণি হেক্টরের পরাক্রমে ভরাক্রান্ত হইরা অপসূত হইলেন। যেমন কোন পথিক তমোময়ী নিশাতে কোন অজ্ঞাত পথে যাইতে যাইতে সহসা শ্রুত, বর্ষার প্রসাদে মহাকার, কোন নদস্রোতের গন্ডীর নিনাদে ভাত হইয়া পুরোগতিতে বিরও হয়, দ্যোমিদেরও অবিকল সেই দশা ঘটিয়া উঠিল৷ তিনি বীর-मलत्क मरशायन कतिश् किहालन, ट्र वीतश्रुक्यभा। आमात বোধ হয়, যে কোন দেব যেন বীরচুড়ামণি ছেক্টরের সহ-কারিতা করিতেছেন, নতুবা বীরবর রণে এরূপ ছর্কার হইয়া 🤊 উঠিবেন কেন? মরামরে সমর সাপ্তাত নহে। অতএব এই রণে ভঙ্গ দেওয়া আমাদের উচিত।

বীরবরের এই বাক্য শ্রবণে এবং ভাস্বর-কিরাটী বীরেশ্বর হেক্টরের নশ্বরাঘাতে বীরব্রন্দ রণরঙ্গে ভঙ্গ দিতে
উদ্যত হইতেছে; এমত সময়ে শ্বেভভুজা ইন্দ্রানী হীরী
দেবী আথেনীকে সম্বোধিয়া কহিলেন, হে স্থি! আমরা
মহেদ্রাস মানিলুসের সকাশে কি র্থা অঙ্গীকারে আবদ্ধ
হইয়াছি। দেখ, শোণিত-প্রিয় দেব-সেনানী অরিন্দম
হেক্টরের সহকারে কত শত এীক্ বীরেন্দ্রকে চিরনিদ্রায়
নিদ্রিত ও চির-অন্ধকারে অন্ধকারারত করিতেছেন। হে স্থি,
চল, আমরা ত্রজনে এই রণস্থলে অবতীর্ন হইয়া দেখি,
যদি আমরা এ ছরস্ত দেবসেনানীকে কোনপ্রকারে শাস্ত
করিয়া এ নরাস্ত্রক হেক্টরের বলের ক্রিটি করিতে পারি।

এই কহিয়া আয়তলোচনা দেবী আপন আশুগতি বাজীরাজিকে স্বর্ণ রণসজ্জায় সজ্জিত করিলেন। দেবকিস্করী
হীবী হৈময়য় দেবযান যোজনা করিয়া দিলেন। দেবীদ্বয়
তত্ত্পরি রণবেশে আরু ইইলেন। অমরাবতীর হৈমদার
স্থমধুর ধ্বনিতে খুলিল। বিমান নভঃস্থল হইতে আশুগতিতে ধরণীর দিকে আসিতে লাগিল। রণস্থলের নিকটবর্তী কোন এক নদতটে দেবযান মায়ামেঘে আয়ত
ক্রিয়া ভীমাক্ষতি দেবীদ্বয় ভীম সিংহনাদে প্রচণ্ড খণ্ডা
আক্ষালন করতঃ রণস্থলে প্রবেশ করিলেন। গ্রীক্দলের
সাহসাগ্রি পুনর্কার যেন ছ্র্কার হ্নতাশন-তেজে প্রজ্জালিত
হইয়া উটিল। দেবেন্দ্রাণী হীরীও প্রবলভাষী প্রশাস্তান্তঃকরণ স্তম্ভ্রনামক কোন এক জন বীরের প্রতিমূর্ত্তি

ধারণ করিয়া ভ্লুস্কার ধ্বনিতে গ্রাকদলের উৎসাহ বৃদ্ধি कर्तिए लागिलन। स्नीलकमलाक्षी (परी आरथनी तर्न-ছর্মাদ দ্যোমিদের সার্থিকে অপদস্থ করিয়া তৎপদে স্বয়ং আরোহণ করিলেন। মহাভরে চক্রদ্বয় যেন আর্ত্তনাদ-স্বরূপ যোর ঘর্ষরনাদে মুরিতে লাগিল। দেবী স্বরং অশ্ব-রজ্জু ও কশা ধারণ পূর্ব্বক রক্তাক্ত দেনানীর দিকে অতি জ্ঞাত-বেগে রথ পরিচালনা করিলেন। স্থরদেনানী ছর্মাদ দ্যোমিদুকে আসিতে দেখিয়া ু আপন রথ ভীষণ বেগে পরিচালিত কর-তঃ ভীষণ শূল ঘারা নর-রিপুকে শমনধামে প্রেরণ করিবার জন্যে বাহু প্রসারণ করিয়া ভীষণ শুল দৃঢ়তররূপে थातन कतिलान। किन्तु माहामही पनवी आप्यनी अमृगाः-ভাবে সে শুলের লক্ষ্য কণমাত্রে অমোস করিয়া निटलन। त्रश्चर्यन प्लागिन् इक्वर्य आदिम्दक आशन শুল দিয়া আক্রমণ করিলে, দেবী আংথেনী স্বলে এ অন্ত দ্বারা স্থর-সেনানীর উদরতলে ভীমাঘাত করিলেন। দেব-বীরেন্দ্র বিষম যাতনায় গন্তীর আর্তনাদ করিলেন। যেমন রণমদে প্রায়ন্ত নর কি দশ সহস্র রথীদল একত্রীভূত হইয়া হুত্রারিলে চতুর্দিক ভৈরবারবে পরিপূর্ণ হয়, বীরে-দ্রের আর্ডনাদে অবিকল সেইরূপ হইল।

শক্ষা দেবী সহসা উভয় দলের মধ্যে দর্শন দিলেন। যেমন গ্রীত্মকালে বাত্যারত্তে মেঘগ্রামের একত্র সমাগমে আকাশ্-মণ্ডল ঝটিত অন্ধকারময় হয়; সেইরূপ ভয়জনক মালিন্যে মলিন-বদন হইয়া নিত্য রণপ্রিয় স্বরর্থী অমরাবতীতে চলিলেন।

দেবেক্সের সন্নিধানে উপস্থিত হইয়া দেব বীরকেশরী নিবেদিলেন, হে বিশ্বপিতঃ! দেখুন, আপনি কেমন একটী উগতা ও পাগাণ-ছান্যা ছহিতার সৃষ্টি করিয়াছেন।
দেবী আথেনীর উৎসাহ সহকারে রণজুর্মাদ দ্যোমিদ আমার
কি জুরবন্থা না করিয়াছে? এই বাক্যে দেবপতি উত্তর করিলেন, রে জুরন্ত নিতাকলইপ্রিয় দেবকুলান্ধার! তুই অন্যের
উপর কোন্ মুখ দিয়া অভিযোগ ও দোবারোপ করিস্! তুই
তোর গর্ভগারিনী হারীর ধর ও অন্যনশীল স্বভাব প্রাপ্ত
হইয়াছিস্। সে এত দূর অদ্যনীয়া, যে আমিও তাহাকে
দমন করিতে অন্যন। সে যাহাইউক, তুই আমার ওরসজাত,
নতুবা আমি উরায়ুব্পুল্ল দৈত্যদলের সহিত তোকে এইচুহুর্ত্তেই চিরকালের নিমিত্ত কারাগারে আবন্ধ করিতাম।
এই কহিয়া দেবকুলপতি দেবধন্বন্তরী পায়ন্কে ব্রথাবিধি
ঔবদে ক্ষত সেনানীকে আরোগ্য করিতে আজ্ঞা দিলেন।

রণস্থল হইতে দেবসেনানীকে পালায়মান দেখিয়া ভজ্জননী আতীব বীৰ্য্যবতী দেবী হীরী মহাবলবতী সহকারিনী দেবী আথেনীর সহিত অর্গধামে পুনর্গমন করিলেন। তদনস্তুর ক্রেমে ক্রেমে বীরকুলের পারাক্রমাগ্নি রণস্থলে যেন নিস্তেজ হইতে লাগিল। কিন্তু ইতন্ততঃ সে পারাক্রমাগ্নি যৎকি ঞিৎ প্রজ্লিত রহিল।

এমত সময়ে কোন এক উরস্থ বীরবর প্রত্তাগ্যক্রমে ক্ষনপ্রির বীরেশ মানিলাদের হস্তে পড়িলেন। ভাগ্যহীন বীরববের অশ্বর সচকিতে রথসহ ধাবমান হইলে পর, রথচক্র
পথস্থিত কোন এক র্লের আঘাতে ভগ্ন হইলে, বীরবর লক্ষ্দিয়া ভূতলে পড়িলেন। এ প্রবস্থায় নিরস্ত হইয়া ভগ্নরথ
রথী কালদেওধারী কালের ন্যায় প্রচেও শূলী রণপ্রিয় বীরসিংহ
মানিল্যুস্কে সকাশে দঙার্মান দেখিলেন, এবং সভ্রে

তাহার জানুদ্র এহণ করতঃ বিনীত বচনে কহিলেন, হে বীরকুলহর্য্যক্ষ। আপনি আমাকে প্রাণ দান দিউন। আমি যে আপনার বন্দী হইয়া এ মানবলীলাস্থলে জীবিত আছি,আমার ধনাত্য পিতা এ সুসন্থান পাইলে বহুবিধ ধনে আমার মোচন-ক্রিয়া সমাধা করিতে স্বত্ন ইইবেন। রিপুবরের এতাদৃশী কাতরতায় বীরকেশরী মানিল্যুদের হৃদয়ে কফণার সঞ্চার হুইল। তিনি তাহার রক্ষার উপায় করিতেছেন, এমত সময়ে রাজচক্রবর্তী আগেদেমন্নু আরক্ত নয়নে অগ্রগামী হইয়া পুৰুষ বচনে কনিষ্ঠ আভাকে লক্ষ্য করিয়া কহিলেন, ছে কোমল-হাদয়! ট্য়স্থ লোকদিগের হস্তে তুমি কি এত দূর পর্যান্ত উপক্ত হইয়াছ যে, তোমার অন্তঃকরণ এখনও তাহাদিগের প্রতি দয়ার্জ্য দেখ ভাই ! আমার বিবেচনার, ও পাপনগরের আবাল রদ্ধ বনিতা, কি উদরস্থ শিশু, যাহাকে পাও, ভাহাকেই যমালয়ে প্রেরণ করা ভোমার পক্ষে শ্রেয়ঃ। সহোদরের এই ব্যঙ্গরূপ নিদাঘে বীরবর মানিল্যুসের হৃং-সরোবরস্থ করণারপ মুকুলিত কমল ওফ হইল। তিনি হত-ভাগা অক্রন্ত্র ভাতৃ সন্নিধানে ঠেলিয়া কেলিয়া দিলে, নিষ্ঠুর জ্যেষ্ঠভাতা তাহার উদরদেশ খরশূলে ভিন্ন করিলেন। অক্সন্ত্রমার্ত্রনাদে ভূপতিত হইলেন। রাজচক্রবর্তী সৈন্যা-ধ্যক্ষ মহোদয় তাহার বক্ষঃস্থলে পদ নিক্ষেপ করিয়া স্বলে শূল টানিয়া বাহির করিলেন। ক্লিব বিভাবরী অভাগা অক্রস্ততের নয়নরখ্যি চিরকালের নিমিত্ত অন্ধকারায়ত করিল। এবং বীরবরের দেহাগার হইতে অকালমুক্ত আত্মা বিষণ্ণবদনে যমালয়ে চলিল। এীক্ দৈন্যদল মধ্যে যেন পুনৰুভেজিত অগ্নির ন্যায় রণাগ্নি প্রজ্বলিত হইয়া উঠিল। রণ্ডুর্মদ

দ্যোমিদের পরাক্রমে উয়দল রণপরাঙাু,খভার লক্ষণ প্রদর্শন করাইতে লাগিল। এতদর্শনে রাজকুলপতি প্রিয়ামের মবিজ্ঞ দৈবজ্ঞ পুত্র হেলেন্যুদ্ ভাম্বর-কিরীটী বীরেশ্বর হেকটর ও বীরেশ এনেশকে সদোধন করিয়া কহিলেন, হে বীরদ্বয়, ভোমরা রণপরাঙ্মুখ সৈন্যদলকে পুনৰুৎসাহান্তিত কর। কেন না, ভোমরা এ দলের বীরকুলশ্রেষ্ঠ! পরে যোধগণ দৃঢ়চিত্তে ও অধ্যবসায় সহকারে রণারম্ভ করিলে, ভুমি, হে লাভঃ হেক্টর, নগরান্তরে প্রবেশ করতঃ আমাদিগের রাজ-জননীর চরণভলে এই নিবেদন করিও, যে তিনি যেন অতি ছরার টারস্থ দ্ধা কুলবধূ দলের মধ্যে স্থকেশিনী মহাদেবী আথেনীর ছুর্গানিক্তি মন্দিরে উপস্থিত হইয়া বহুবিধ উপহারে তাঁহার আরাধনা করিয়া এই বর মাগেন যে, দেবকুলেন্দ্র-বালা যেন এ রণছুর্ম্মদ দ্যোমিদের হস্ত হইতে আমাদিগকে রক্ষা করেন। আমার বিবেচনায় এ রথীপতি দেবযোনি আকিলীসের অপেকাও পরাক্রমশালী। ভাতার এই হিতকর বাক্য শ্রেবণে ভাষর-কিরীটী বীরেশ্বর হেক্টর রথ হইতে লক্ষ দিয়া ভূতলে পড়িলেন। এবং স্বীয় ভীষণ দীর্ঘ-ছায় শক্র শূল আন্দোলন করতঃ তৃত্সার ধানিতে রণক্ষেত্র পরিপূর্ণ করিলেন। এীক সৈন্যদল বীরবরের এতাদৃশী অকুতোভয়তা সন্দর্শনে পলায়ন-পরায়ণ হইয়া পরস্পর কহিতে লাগিল, এ রথী কি মানব্যোনি না নর-মওলে নক্ষত্ৰমণ্ডিত আকাশমণ্ডল হইতে দেবাবতার?

এদিকে অরিন্দম ট্রারুলবীরেন্দু আপনাদের স্বদলকে পুনকৎসাহ প্রদান পূর্মক স্থনর স্যন্দনে আশুগতি অখ-যোজনা করিয়া নগরাভিমুখে প্রায়ণ ক্রিলেন। কভক্ষণ পরে

বীরকেশরী স্কিয়ান্-নামক নগর তোরণসমুখে উপস্থিত ছই-লেন। অমনি চতুর্দ্দিক হইতে কুলবালা কুলবগূও কুল-জননীগণ বহির্গত হইয়া সুমধুর স্বরে, কেহবা ভাতা, কেহবা প্রণয়ী জন, কেহবা স্বামী, কেহবা পুত্র, এই সকলের কুশল-বার্ত্তা অতীব বিকল হৃদয়ে জিজ্ঞাসিতে লাগিলেন। কিন্ত বীরপতি তাহাদিগকে এই কহিয়া বিদায় করিলেন, যে তোমরা এ সকল প্রিয়পাত্তের মঙ্গলার্থে মঙ্গলকারী দেবদলের আরা-ধনা কর। কেননা, অনেকের জুর্ভাগ্য আসল্প্রায়, এই কহিয়া রাজপুত্র অতিক্রত গমনে রাজ-অটালিকার নিকটবর্তী হই-লেন। রাজরাণী হেকাবী রাজা প্রিয়ামের রাজহর্ম্মা হইতে পুত্রকুলোত্তন বীরবর হেক্টরকে দর্শন করিয়া তৎসলিধানে উপস্থিত হইলেন, এবং স্বেহার্জ হইয়া তাহার করগ্রহণপূর্ব্বক কহিলেন, বৎস ! তুই কি নিমিত রণক্ষেত্র পরিত্যাগ করিয়া নগর মধ্যে জাসিয়াছিস। তুই কি এ জঘন্য রিপুদলের জিঘাংসায় দেবপিতা দেবেন্দ্রকে ধুর্গস্থিত যন্দিরে বন্দিতে আদিয়াছিন, ভুই কিয়ংকাল এখানে অবস্থিতি কর্। এই দেখ, আমি বর্ণাতে করিয়া প্রামনকারক ক্রাক্ষা-রস আনিয়াছি। তুই আপানি তার কিঞ্চিণংশ পান কর, কেননা, ক্লান্ত জনের ক্লান্তিহরণার্থে খুধারূপা স্থরাই পরম ঔষধ। আর কিঞ্চিদংশ দেবকুলপতির ভর্পণার্থে ভূমিতে ঢালিয়া দে, ভাষর-কির্নাটী রণীকুলেখুর হেক্টর উত্তর করিলেন, ছে জন্নি! ভূমি আমাকে সুরাপান করিতে অনুরোধ করিও না। কেননা, তাহার মাদকতা শক্তি আছে, হয়ত, তাহার তেজে বাহুবলের अदनक अनिष इहेट शाहित्व, आह आमि, ए उपविति !

এ অপবিত্র রক্তাক্ত হস্ত দিয়া পাত্রগ্রহণ করতঃ দেবেন্দ্রের তর্পণার্থে সুরা ঢালিয়া দি, ইহা কোন মতেই যুক্তিযুক্ত নহে। এই উদ্দেশেই নগর প্রবেশ করি নাই। আমি ভোমার নিকট এই যাচ্ঞা করিভেছি, যে তুমি, হে রাজমাতঃ, অবিলয়ে টুয়স্থ র্দ্ধা অতি মাননীয়া কুলবধূ-দলের সহিত তুর্গশিরস্থ স্কেশিনী মহাদেবী আথেনীর মন্দিরে গিয়া নানাবিধ উপহারে দেবীর পূজা করিয়া এই বর প্রার্থনা কর, যে তিনি যেন রণছুর্মদ দ্যোমিদের পরাক্রমাগ্রি হইতে আমাদিগকে রক্ষা করেন। আমি ইত্যবসরে একবার ক্ষন্দরের স্থন্দর মন্দিরে যাই, দেখি, यि तम ভीक काशुक्रायत इति त तेथेतृ जि जमारे ए भीति, হায়, মাতঃ ! তুমি যখন এ কুলাঙ্গারকে প্রাসব করিয়াছিলে তখন বস্থমতী দ্বিধা হইয়া কেন তাহাকে প্রাস করেন নাই। তাহা হইলে কখনই এ বিপুল রাজকুলের এতা-দৃশী গুৰ্গতি ঘটিত না। রাজকুলতিলক এই কহিলে, দেবী হেকাবী জ্বতগতিতে আপন স্থান্ধময় মন্দির হইতে বহুবিধ পূজোপহারের আয়োজন করিলেন। এবং দৃতীদারঋরৃদ্ধা ও মান্যা কুলবতীদলকে আহ্বান করতঃ মহাদেবীর মন্দিরাভিমুখে চলিলেন। তেয়ানীনামী কিসীশনামক কোন এক মাননীয় ব্যক্তির ইন্দুনিভাননা ছহিতা, যিনি মহাদেবীর নিত্য সেবিকা ছিলেন, মন্দির-দার উদ্যাটন করিলে রমণীদল ক্রন্দনধ্বনিতে মন্দির পরিপূর্ণ করিলেন। এবং মনে মনে নানা মানসিক कतिशा এই বর প্রার্থনা করিলেন, যে দেবকুলেন্দ্রবালা त्रभूष (म्यां भिर्मत थर अन्यान्य धौक्रयार्थत वाच्यल ছুর্বল করিয়া ট্রানগরস্থ কুলবধ ও শিতকুলের মান ও প্রাণ রক্ষাঁ করেন। কিন্তু হুর্ভাগ্যবশতঃ স্থকেশিনী মহাদেবী এ বর প্রদানে বিমুখ হইলেন।

এদিকে অরিন্দম হেক্টর স্থানবীর ক্ষানরের বিচিত্র
পাষাণ-নির্মিত স্থানর মন্দিরে প্রবেশ করিয়া দেখিলেন,
যে বিলাসী আপন স্থচাক বর্মা, ফলক, ও অস্ত্র শস্ত্র
প্রভৃতি রণপরিচ্ছদ সকল পরিক্ষার পরিচ্ছন্ন করিতেছেন।
বীরবর হেক্টর তাহাকে পরুব বচনে ভর্গনা করিয়া কহিতে
লাগিলেন, রে ত্রাচার ত্র্মতি! তোর নিমিত্তে শত
শত লোক শোণিত প্রবাহে রণভূমি প্লাবিত করিতেছে।
আর ভূই এখানে এরপ নিশ্চিন্ত অবস্থায় বিশ্রাম লাভ
করিতেছিদ্। হায়, তোরে ধিক্!

দেবাকৃতি স্থান্দরবীর ক্ষান্দর ভাতার এতাদৃশ বচন বিন্যাদে উত্তরিলেন, হে ভাতঃ! তোমার এ তিরক্ষার-বাক্য অনুপযুক্ত নহে। দে যাহা হউক, তুমি ক্ষণকাল এখানে অপেক্ষা কর, আমাকে রণসজ্জার সজ্জিত হইতে দাও। নতুবা তুমি অগ্রগামী হও। আমি অতি ত্বরায় তোমাক অনুসরণ করিব। এই কথার বীরবর হেক্টর কোন উত্তর না করাতে হেলেনী রূপদী অতি স্থাধুর ভাষে কহিলেন, হে দেবর! এ অভাগিনীর কি কুক্ষণে জন্ম; দেখুন, আমি সতীধর্মে ও কুললজ্জার জলাঞ্জলি দিয়া কেমন ভীক্তি জনকে বরণ করিয়াছি। আমার কি তুর্ভাগ্য! কিন্তু ও আক্ষেপ এক্ষণে রথা। আপনি অভ্যন্তরে প্রবেশ করিয়া আসন পরিপ্রাহু পূর্মক কিয়ৎকালের নিমিত্ত বিশ্রাম লাভ ক্কন। হেক্টর কহিলেন, হে ভদ্রে! আমার বিরহে দূর-রণক্ষেত্রে রণীবৃদ্ধ অতীব কাতর, অতএব আমি এন্থলে

আর বিলম্ব করিতে পারি না। কেননা, আমার এই ইচ্ছা, যে আমি পুনঃ রণযাত্রার অর্থে একবার স্বগৃহে প্রবেশ করিয়া প্রিয়ত্মা পত্নী, শিশু-সন্তানটী ও তাহাদের সেবা-नियुक्त (मदक-(मदिकार्निंगरक (पश्या याहे। रक ज्ञान, যে আমি এই রণভূমি হইতে আর পুনরাবর্ত্তন করিতে পারিব কি না। এই বলিয়া ভাম্বর-কিরীটী হেক্টর দ্রুত-গতিতে স্বধামে চলিলেন। এবং গৃহে উপস্থিত হইয়া দেখিলেন, যে খেতভুজা অনুমোকী সে স্থলে অনুপস্থিত, শুনিলেন, যে রণে গ্রাকদলের জয়লাভ হইতেছে, এই সম্বাদে প্রিয়দ্বদা আপন শিশু-সম্ভান্টী লইয়া তাহার স্কবেশিনী দাসীর সমভিব্যাহারে রণক্ষেত্র-দর্শনাভিপ্রায়ে যাত্রা করিয়াছেন। এই বার্তা প্রবণমাত্র বীরকেশরী ব্যাতিতে তদভিমুখে বায়ু-বেগে চলিলেন। অনতিদূরে অরিন্দম, চিরানন্দ ভার্যার সাক্ষাৎকারলাভ করিলেন, এবং দাসীর ক্রোডে আপনার শিশু-সম্ভানটীকে দেখিয়া ওঠাধর স্বেহাহলাদে স্বহাসার্ভ হইয়া উচিল। কিন্তু অনুমোকী স্বামীর ক্ষন্ধে মন্তক রাখিয়া রোদন করিতে করিতে গলাদস্বরে কহিতে লাগিলেন, হার্ম প্রাণ-নাথ! আমি দেখিতেছি, এই বীরবীর্য্যই তোমার কাল হইবে, রণমদে উন্মন্ত হইলে এ অভাগিনী কিমা তোমার এ অনাথ শিশু-সম্ভানটী, আমরা কেহই কি ভোমার স্মরণ-পুথে স্থান পাই না। হায়! তুমি কি জাননা, যে আমা-দের কুলরিপুদলের যোধবর্গ তোমার নিধনসাধনে নিরবৃধি ব্যথা? আর যদি তাহাদের এতাদৃশ মনস্কামনা ফলবতী হয়, তবে আমাদের উভয়ের যৎপরোনান্তি হ্রদ্দশা ঘটিবে। বরঞ্চ ভগবতী বস্ন্মতী এই ক্রুন যে, তিনি যেন এ বিষয়

বিপদ উপস্থিত হইবার পূর্ব্বেই দ্বিধা হইয়া এ হতভাগিনীকে আশ্রে দেন। হেনাথ! তোমার অভাবে এধরণীতলে এ অভাগিনীর ভাগ্যে কি কোন মুখভোগ সম্ভবে। ভোগা ব্যতীত, হে প্রাণেখর! আমার আর কে আছে? জনক, জননী, সহোদর সকলেই এ হতভাগিনীর ভাগ্যদোষে কাল-আদে পতিত হইয়াছেন, হে নাথ! তোমা বিহনে আমি यथार्थरे अनाथा काक्रालिनी रहेत। जूमि आमात जीवन-দর্শব ! ভূমি আমার প্রেমাকর। অতএব আমি তোমাকে এই মিনতি করিতেছি, যে তুমি তোমার এই শিশু-সন্তান-টীকে পিতৃহীন, আর এ অভাগিনীকে ভর্তৃহীনা করিও না। রিপুদলের সহিত নগর-ভোরণ-সন্মুখে যুদ্ধ কর, ভাহা হইলে রণ-পরাজয়কালে পলায়ন করা অতি সহজ হইবে। ভাস্বর-কিরীটী মহাবাহ হেক্টর উভরিলেন, প্রাণেশ্বরি! তুমি কি ভাব, যে এ সকল ছুর্ভাবনায় আমারও হাদয় বিদীর্ণ হয় না। কিন্তু কি করি, যদি আমি কোন ভীকতার লক্ষণ দেখাই, তাহা হইলে বিপক্ষদলের আর আম্পর্দার সীমা থাকিবে না। এবং আমাদেরও বিলক্ষণ ব্যাঘাতেরও সন্তা-वना, जाड़ा इरेलारे धरे हुशुष्ट श्रुक्य ও स्रुदिनिनी खीएनत নিকট আমি আর কি করিয়া মুখ দেখাইব। বিশেষতঃ যদি আমি বিপাদের সময়ে উপস্থিত না থাকি, তাহা হইলে আমাদের এ বিপুল কুলের গৌরব ও মান কিলে রক্ষা হইবে। প্রিয়ে, আমি বিলকণ জানি, যে রিপুকুল রণজয়ী হইয়া অতি অম্পদিনের মধ্যেই এ উচ্চ প্রাচীর নগর ভন্মগাৎ করিবে, এবং রাজকুলতিলক প্রিয়াম তাহার রণবিশারদ জনগণের সহিত কালগ্রাদে পতিত হইবেন। কিন্তু রাজ-

কুলেন্দ্র প্রিয়াম কি রাজকুলেন্দ্রাণী হেকুবা কিম্বা আমার বীর-वीर्या महानतानिशन अ मकत्नत आगन्न विशत आगात मन যত উদ্বিগ্ন হয়, তোমার বিষয়ে, হে প্রেয়সি! আমার সে মন তদপেকা সহজ্ঞপ কাতর হইয়া উঠে। হায় প্রিয়ে। বিধাতা কি ভোমার কণালে এই লিখেছিলেন, যে অবশেষে তুমি আরগদ্নগরীর কোন ভর্ত্রিণীর আদেশে, অঞ্জলে आंछा इरेशा नम्न नमी इरेट जन विश्वत, धवर खरे जन मग्रह देक्रिक कतिया थ छेटाक किट्रित, अरह, थे य खी-लाकिंगी (मथिए छ, उ ऐ यनगत्र ये वीतमानत यश्वम्यी (इक्-টরের পত্নী ছিল। এই কথা কহিয়া বীরবর হস্ত প্রসারণ পূর্মক শিশু সম্ভানটীকে দাসীর ক্রোড় হইতে লইতে চাহি-লেন, কিন্তু জ্ঞানহীন শিশু কিরীটের বিহ্যতাকৃতি উজ্জ্বলভায় এবং তত্নপরিস্থ অশ্বকেশরের লড়নে ডরাইয়া ধাত্রীর বক্ষ-নীড়ে আখ্রা লইল। বীরবর সহাস্থা বদনে মস্তক হইতে কিরীট খুলিয়া ভূতলে রাখিলেন, এবং প্রিয়তম সম্ভানের मूथकृत्रन कतिया कहित्लन, त्र जगनीम । এ निर्छित्क देशत् পিতা অপেকাও বীৰ্যাবতর কর। এই কথা কহিয়া দাসীর হত্তে শিশুকে পুনরপণ করিয়া শিরোদেশে কিরীট পুনরায় দিয়া যুদ্ধকেত্রাভিমুখে যাত্রার্থে প্রেয়সীর নিকট বিদায় লই-लन। श्रमती ताक-अर्छानिकां जियू थ हिन्तिन वर्ष ; किंखु মুহুর্মূ পশ্চাৎভাগে চাহিয়া প্রিয়ণতির প্রতি সত্ফে দৃষ্টি-নিকেপ করতঃ মেদিনীকে অঞ্বারিধারায় আর্দ্র করিতে लाशिटलन ।

फिर्क अस्त्रदीत कस्त्र (मिनीपामान श्राह्मानकारत

অলকৃত হইয়া, যেমন বন্ধন-রজ্জুমুক্ত অশ গন্তীর হেষারব করিয়া উচ্চপুচ্ছে মন্দুরা হইতে বহির্গত হয়, সেইরূপ নগর ভোরণ হইতে বাহিরিলেন।

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

## **চতুर्थ প**রিচ্ছেদ \* ।

িহেক্টর এবং স্থাপরবীর কালুর রণভূমে কিরিয়। আইলে টুরদলের মহানাল জিবিল। পরে হেক্টর গ্রীকদলন্থ বীরদিগকে দ্বান্ত্রাহার আহান করিলে আরাসনামক এক দেবাজ্ঞ বীরবর ভাষার সহিত যোরতর রণ করিলেক, কিন্তু কাহারও পরাজয় হইল না, উদয়দলে অনেক সৈন্য বিনষ্ট হইলে পরে সন্ধি করিয়া উভয় সৈন্য বা স্থাপরকা শোকবিগলিত নরনাসারে ধেতি করিয়া কুন হাদরে সর্ব্ব্রোসী বৈশ্বানরকে বলিশ্বরপ প্রদান করিল। গ্রীকেরা শিবির সন্মুথে এক প্রাচীর রচিত করিয়া তৎসন্ধিধানে এক গন্তীর পরিখা খনন করিল।

রজনীযোগে লেম্নস্ দ্বীপ হইতে তত্ত্বস্থ লোকপাল ঈশনপুত্র উনীয়স্ প্রেরিভ এক স্বরাপূর্ন পোত শিবিরসিয়িধানে
সাগরভীরে আসিয়া উভরিলে, গ্রীক্ষোধেরা কেহবা পিতল,
কেহবা উজ্জ্বল লোহ, কেহবা পশুচর্ম, কেহবা বৃষভ, কেহবা
রণবন্দী এই সকলের বিনিময়ে স্বরা ক্রয় করিয়া সকলে আনন্দে
পান করিতে লাগিল। টুয়নগরেও এইরপ আনন্দেহসব
হইল। পরে দীর্ঘকেশী অশ্বদমী টুয়স্থ যোধসকল যে
যাহার স্থানে বিশ্রাম লাভ করিতে লাগিল। দেবকুলপতির
ইচ্ছামতে আকাশ-মণ্ডল সমস্ত রাত্রি উজ্জ্বল হইয়া অশনিস্বনে চারিদিক প্রতিধ্বনিত করিতে লাগিল।

রজনী প্রভাতা হইলে উষাদেবী পূর্কাশা হইতে ভগ-বতী বস্মতীর বরাক যেন কুস্মময় পরিধানে পরিহিত ক্রিলেন। অমরাবতীতে দেবসভা হইল। দেবকুলনাথ

<sup>\*</sup> এ ছলে ৭।৮ পাত হারাইরা গিরাছে, একণে সমরাভাবে গ্রন্থার লিখিতে সমর্থ মইলেন না।

গন্তীর বরে কহিতে লাগিলেন, হে দেবদেবীরন্দ ! ভোমরা আমার দিকে মনোভিনিবেশ কর। আমার এই ইচ্ছা य, कि (परी कि (पर (कहरे कि धीक कि ऐस रिमाम्सलब এ রণক্রিয়ায় কোন সাহায্য না করেন। যিনি আমার এ আজা অবজ্ঞা করিবেন, আমি তাহাকে বিস্তর শাস্তি দিব, আর তাহাকে এ আলোকময় স্বর্গ হইতে তিমিরময় পাতালে আবদ্ধ করিয়া রাখিব, যদি ভোমাদের মধ্যে কেহ আমার রণ পরাক্রমের পরীক্ষা করিতে ইচ্ছা কর, তবে আইদ, এক স্থবর্ণ শৃত্থল তিদিবে উদ্বন্ধন করিয়া ভোমরা তিদিবনিবাসী मकल এक निक धतिशा आकर्षन कतिशा (नथ, তোমानिराधत সর্বপ্রধান জ্যুস্কে স্থলযুক্ত করিতে পারক হও কি না। কিন্ত আমি মনে করিলে তোমাদিগকৈ সদাগরা সদ্বীপা বসুমতীর সহিত উচ্চে তুলিতে পারি। অতএব আমি ভোমাদের মধ্যে বলজ্যেষ্ঠ। अन्याना मितरानी निकत मिट-শ্বরের এই গন্তীর বাক্য সমন্ত্রমে শ্রবণ করিয়া নীরবে রহি-लन। अनीलकमलाको (पदी आरथमी कहिरलन, रइ (पद-পিতঃ! হে পুৰুবোত্তম! আমরা বিলক্ষণ জানি, যে তুমি পরাক্রমে মুর্বার। কিন্তু এীক্দলের ছঃখে আমার অন্তঃকরণ সদা চঞ্চল। তথাপি ভোমার এ আজা অবজ্ঞা করিতে কোন মতেই সাহস করিব না। রণকার্য্যে হস্ত নিক্ষেপ করিব না। কিন্তু এই মিনতি করি, যে তাহাদিগকে হিতকর পরামর্শ দিতে আপনি আমাকে অনুমতি দেন। মেখ-বাহন সহাস বদনে উত্তর করিলেন, হে প্রিয়ন্ত্রহিতে | ভোমার এ মনোর্থ সুসিদ্ধ কর, তাহাতে আমার কোন বাধা নাই।

এই কহিয়া দেবকুলপতি ব্যোম্যানে আরোহণ করি-লেন। এবং পিতলপদ, কুঞ্চিত-কাঞ্চন-কেশর-মণ্ডিত আশু-গতি অশ্বসমূহে পৃথিবী ও তারাময় নভস্থলের মধ্যদিয়া অতিক্রতে উৎসময়ী কনচরযোনি ঈডানামক গিরিশিরে উত্তীর্ণ হইলেন। সেন্থলে গার্গর নামে দেবপতির এক স্থরম্য উপবন ছিল। সেই স্থলে দেবনাথ ব্যোম্যান মায়া-মেঘে আরত করিয়া আপনি আসীন হইয়া রণক্ষেত্রের প্রতি দৃষ্টি করিতে লাগিলেন।

বিভাবরী প্রভাতা হইলে দীর্ঘকেশী গ্রীক্গণ স্ব স শিবিরে প্রাতঃক্রিয়াদি সমাধা করিয়া ভোজনাস্তে রণসজ্জা গ্রহণ করিলেন। ও দিকে টুয়নগরের রাজতোরণ উদ্মাটিত হইলে, রণব্যথা রথারু পদাভিকগণ হুহু রারে বহির্গত হইল। ছুই সৈন্য পরস্পার নিকটবর্তী হইলে ফলকে ফলকাঘাতে কুস্তে কুস্তাঘাতে ভৈরবারব উদ্ভবিতে লাগিল। কতক্ষণ পরে আর্ত্রনাদ ও প্রগলভতাস্থাক নিনাদে চতুর্দ্দিক পরিপ্রিত হইল। এবং ক্ষণমাত্রেই ভূতলে শোণিত-জ্যোতঃ বহিতে লাগিল। এইরপে মধ্যাহ্ন পর্যন্ত মহাহ্ব হইতে লাগিল।

রবিদেব আকাশমওলের মধ্যবর্ত্তী হইলে দেবকুলপতি সহসা ঈডাগিরি চূড়া হইতে ইরম্মদস্রোতঃ বায়ুপথে মূল্মুল্ বিস্তৃত করিতে লাগিলেন। ও বজ্রগর্জনে জগজ্জনের কংকম্প উপস্থিত হইল। পাগুগও শক্ষা এীক্দিগকে সহসা আক্রমণ করিল। এমন কি, রাজকুলচক্রবর্তী আগে-মেমনাদি বীরকুলচুড়ামণিরাও বীরবীর্ষ্যে জলাঞ্জলি দিয়া

শিবিরাভিমুখে থাবমান হইলেন। কেবল বৃদ্ধরথী নেন্তর রথের অশ্ব স্থান্দরবীর ক্ষান্দরনিক্ষিপ্রশারে গতিহীন হওয়াতে পালায়ন করিতে সক্ষম হইলেন না। দূরে সামর্থ্যশালী রথী হেক্টরের ক্ষত রথ সৈন্যদল হইতে সহসা বহির্গত হইয়ারণক্ষে রাভিমুখে থাইতেছে, এই দেখিয়ারণবিশায়দ দ্যোমিদ বীরবর অদিস্থাস্কে ভৈরবে সম্বোধিয়া কহিতে লাগিলেন, কি সর্বনাশ! হে বীরকেশরী, তুমিও কি একজন ভীৰুজনের ন্যায় পালায়নপারায়ণ হইলে। এ দেখা, কভান্তরপো অরিক্ষম হেক্টর এদিকে আসিতেছে, আইস, আমরা এ বৃদ্ধবীরকে আপানাদের বক্ষরপা ফলকে আতায় দিয়া এ বিপদ ত্যোত হইতে রক্ষা করি।

